জেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

জেলা- নওগাঁ

পরিকল্পনা প্রণয়নে

জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, নওগাঁ

সমন্বয়ে

সুশীলন
Shushilan

জুলাই ২০১৪

সার্বিক সহযোগিতায়

কম্প্রিহেন্সিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

মুখবন্ধ

বাংলাদেশ একটি দুর্যোগ প্রবণ দেশ। ভৌগোলিক অবস্থান, জলবায়ুও আবহাওয়ার তারতম্যের কারণে স্থান ভেদে এদেশে প্রতি বছর বন্যা (নদীবাহিত/ বৃষ্টিপাতজনিত), টর্নেডো (ঘূর্ণিঝড়), খরা/ অনাবৃষ্টি, ভূমিকম্প, ঘনকুয়াশার মত বিভিন্ন ধরণের আপদ আঘাত হানে। বাংলাদেশ একটি নদী মাতৃকদেশ হওয়ায় প্রায় প্রতিবছর এলাকা ভিত্তিক নদীভাঙ্গনের শিকার বহুলোক ভিটে মাটি ছাড়া হয়ে নিঃস্ব হয়ে পড়ে এবং নদী-খাল ভরাট জনিত কারণে এলাকা ভিত্তিক অধিবাসীদের সংশ্লিষ্ট নানা ধরণের আপদের সম্মুখীন হতে হয়। এছাড়াও মানবসৃষ্ট ও শিল্প কারখানা জনিত বিভিন্ন ধরণের আপদ প্রতিনিয়ত মানুষকে আতংকগ্রস্থ করে রাখে। এসমস্ত আপদের প্রভাবে সহায় সম্পদসহ জান-মাল, প্রাণীসম্পদ ও ফসলের ব্যাপক ক্ষতি সাধিত হয়। এর ফলে শুধু আক্রান্ত জনগোষ্ঠী-ই ক্ষতিগ্রস্ত হয় তা নয়, জাতীয় সম্পদ এবং অর্থনীতিতেও ব্যাপকভাবে এর প্রভাব পরিলক্ষিত হয়। দুর্যোগ প্রবণ দেশ হলেও পূর্বে দুর্যোগ ব্যবস্থপনা পরিকল্পনার মাধ্যমে মানুষের সহায় সম্পদসহ জান-মাল, প্রাণীসম্পদ ও ফসলের ক্ষয়ক্ষতি হ্রাস করার সুদুর প্রসারী কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। সুষ্ঠু পরিকল্পনা ব্যতিরেকে শুধুমাত্র ত্রাণ ও পুনর্বাসনকেই বেশী প্রাধান্য দেয়া হয়েছে। সম্প্রতি বাংলাদেশ সরকার সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচীর (CDMP-II) মাধ্যমে দুর্যোগ ব্যবস্থপনা পরিকল্পনা বিষয়ক এক কর্মসূচী হাতে নিয়েছে। এই কর্মসূচীর আওতায় প্রাথমিকভাবে সমাজের বিভিন্ন স্তরের জনসাধারণ, ইউনিয়ন ও উপজেলা দুর্যোগ ব্যাবস্থাপনা কমিটির সমন্বয়ে স্থানীয় ঝুঁকি চিহ্নিত করে তা পর্যালোচনার মাধ্যমে দুর্যোগ ব্যবস্থপনা পরিকল্পনা প্রনয়ণের উদ্যোগ নেয়া হয়েছে। দুর্যোগ ব্যবস্থপনা পরিকল্পনায় স্থানীয় আপদ সমূহ চিহ্নিত করে দুর্যোগ পূর্বপ্রস্তুতি গ্রহন ও ঝুঁকি নিরসনের জন্য নওগাঁ জেলায় কার্যকরী একটি দুর্যোগ ব্যবস্থা পরিকল্পনা প্রনয়ণ করা হয়েছে যা স্থানীয় পর্যায়ে দুর্যোগ ঝুঁকি মোকাবেলায় সুদুর প্রসারী অবদান রাখতে পারবে বলে জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি মনে করে।

কর্ম পরিকল্পনাটি প্রনয়ণে এলাকার নারী-পুরুষ, কৃষক-ভূমিহীন, প্রবীণ ও তথ্য প্রদানে সক্ষম অন্যান্য স্থানীয় জনগোষ্ঠীর প্রতিনিধি, ইউনিয়ন এবং জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির (DDMC) সদস্যবৃন্দ সরাসরি সম্পৃক্ত ছিলেন। বিশেষ করে অত্র এলাকায় কর্মরত 'সুশীলন' এর কর্মকর্তা ও গবেষকদের নিষ্ঠা ও অক্লান্ত পরিশ্রম স্থানীয় পর্যায়ে পরিকল্পনা প্রণয়নে যথাযথ অবদান রেখেছে। এ কর্ম প্রচেষ্টা ও অক্লান্ত পরিশ্রমের ফলে নওগাঁ জেলার নওগাঁ জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি একটি বাস্তব সম্মত দুর্যোগ ব্যবস্থপনা কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হয়েছে। অত্র জেলায় প্রণীত দুর্যোগ ব্যবস্থপনা পরিকল্পনায় দুর্যোগ মোকাবেলায় গুরুত্বপূর্ন বিষয় সমূহ প্রাধান্য লাভ করেছে। তম্মধ্যে উল্লেখ যোগ্য হচ্ছে পরিবার ও সমাজ পর্যায়ে দুর্যোগ ঝুঁকি সম্পর্কে গন সচেতনতা সৃষ্টি, স্থানীয় সম্পদ ব্যবহারের মাধমে দুর্যোগ পূর্বপ্রস্তুতি গ্রহন এবং দুর্যোগ কালীন সময়ে অপসারন, উদ্ধার, চাহিদা নিরুপন, ত্রান ও তাৎক্ষনিক পুনর্বাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রনীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ, দুর্যোগ পরিকল্পনায় অংশগ্রহন এবং কার্যকর অংশীদারীত্ব যা বাস্তবায়িত হলে আপদ সংশ্লিষ্ট স্থানীয় ঝুঁকি সমূহ অনেকাংশে হ্রাস পাবে এবং জনগনের সহায় সম্পত্তি, জান মাল এবং ফসলের ক্ষয় ক্ষতির পরিমান কমিয়ে আনা সম্ভব হবে। পাশা পাশি দুর্যোগ পূর্ব, দুর্যোগ কালীন ও দুর্যোগ পরবর্তী প্রস্তুতি গ্রহন, দুর্যোগ ঝুঁকি হ্রাসে স্থানীয় অবকাঠামো ও অ-অবকাঠামো, সামাজিক সম্পদ ও নিরাপদ স্থান সমূহের তালিকা প্রনয়ন, ঝুঁকির কারণ সমূহ চিহ্নিত করণ, সর্বাধিক বিপদাপন্ন এলাকা চিহ্নিত করণ, ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিত করণ, জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব নিরূপণ, উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমুহ চিহ্নিত করণ এবং বিভিন্ন সামাজিক সংগঠন সমূহের স্বেচ্ছাসেবক তালিকা প্রনয়ন করা হয়েছে।

২০১৪ সালে সিডিএমপি'র সহায়তায় প্রণীত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি প্রনয়নে যে সকল সরকারী এবং বেসরকারী সংস্থা ও ব্যক্তিবর্গ সক্রিয় অংশগ্রহণ ও পরামর্শ প্রদান করেছেন তাদেরকে আমি আন্তরিক ভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি। আমি আশাবাদী, স্থানীয় জনগন, স্থানীয় প্রশাসন ও বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের সমন্বয়ে নওগাঁ জেলায় প্রণীত দুর্যোগ ব্যবস্থপনা পরিকল্পনাটি দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারী, আন্তর্জাতিক ও জাতীয় এনজিও, দাতা সংস্থা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে কাজ করবে।

সদস্যসচিব

জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং
জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা
নওগাঁ জেলা

সভাপতি

জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং
জেলা প্রশাসক
নওগাঁ জেলা

সূচীপত্র

মুখবন্ধ	i
সূচিপত্র	ii
টেবিলের তালিকা	iv
গ্রাফচিত্রের তালিকা	iv
মানচিত্রের তালিকা	v
প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি	**১-১৭**
১.১ পটভূমি	১
১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্য	২
১.৩ স্থানিয় এলাকার পরিচিতি	২
১.৩.১ নওগাঁ জেলার ভৌগলিক অবস্থান	২
১.৩.২ আয়তন	৩
১.৩.৩ জনসংখ্যা	৩
১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো	৪
১.৪.১ অবকাঠামো	৪
১.৪.২ সামাজিক সম্পদ	৯
১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু	১৩
১.৪.৪ অন্যান্য সম্পদ	১৪
দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা	**১৮-২৮**
২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস	১৮
২.২ আপদ সমুহ	১৮
২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষ্যৎ চিত্র	১৯
২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা	২০
২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা	২১
২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমুহ	২২
২.৭ সামাজিক মানচিত্র	২৬
২.৮ দূর্যোগ এবং ঝুঁকি ম্যাপ	২৭
২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি	২৮
২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি	২৮
২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা	২৯
২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা	২৯
২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব	২৯
তৃতীয় অধ্যায়: দুর্যোগঝুঁকি হ্রাস	**৩২-৫১**
৩.১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ	৩২
৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ	৩৩
৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা	৩৬
৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা	৩৮
৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি	৩৮
৩.৪.২ দুর্যোগ কালীন প্রস্তুতি	৪১
৩.৪.৩ দুর্যোগ পরবর্তী প্রস্তুতি	৪৬
৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ের ব্যবস্থাদী	৪৬
চতুর্থ অধ্যায়: জরুরী সাড়া প্রদান	**৫২-৬৬**
৪.১ জরুরী সাড়া প্রদান (EOC)	৫২
৪.১.১ জরুরী কন্ট্রোল রুমপরিচালনা	৫৩
৪.২ আপদ কালীন পরিকল্পনা	৫৪
৪.২.১ স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা	৫৬
৪.২.২ সতর্কবার্তা প্রচার	৫৬

৪.২.৩ জনগণকে অপসারণের ব্যবস্থাদি	৫৬
৪.২.৪ উদ্ধার ও প্রাথমিক চিকিৎসাপ্রদান	৫৬
৪.২.৫ আশ্রয়কেদ্র রক্ষনাবেক্ষন	৫৬
৪.২.৬ নৌকা প্রস্তুত রাখা	৫৭
৪.২.৭ দূর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণঃ	৫৭
৪.২.৮ ত্রান কার্যক্রম সমন্বয় করা	৫৭
৪.২.৯ শুকনা খাবার, জীবন রাক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা	৫৭
৪.২.১০ গবাদী পশুর চিকিৎসা/টিকা	৫৭
৪.২.১১ মহড়ার আয়োজন করা	৫৭
৪.২.১২ জরুরী কন্ট্রোল রুম (EOC) পরিচালনা	৫৮
৪.২.১৩ আশ্রয়কেন্দ্র / নিরাপদ স্থান সমুহ	৫৮
৪.৩ জেলার নিরাপদ স্থান সমুহের তালিকা ও বর্ননা	৫৮
৪.৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন	৬১
৪.৫ জেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে)	৬৪
৪.৬ অর্থায়ন	৬৪
৪.৭ কর্ম পরিকল্পনা হালনাগাদ করণ ও পরীক্ষা করণ	৬৫
পঞ্চম অধ্যায়ঃ উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা	
৫.১ ক্ষয়ক্ষতি মূল্যায়ন	৬৭
৫.২ দ্রুত/ আগাম পুনরুদ্ধার	৬৮
৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা	৬৮
৫.২.২ ধ্বংসাবশেষ পরিস্কার	৭০
৫.২.৩ জনসেবা পুনরারম্ভ	৭১
৫.২.৪ জরুরী জীবীকা সহায়তা	৭৩
সংযুক্তি ১: আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেক লিষ্ট	৭৫
সংযুক্তি ২ :জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি	৭৬
সংযুক্তি ৩: উপজেলার সেচ্ছাসেবকদের তালিকা	৭৭
সংযুক্তি ৪: আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা	৮১
সংযুক্তি ৫: এক নজরে জেলা	৮৭
সংযুক্তি ৬: বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ন অনুষ্ঠান সূচী	৮৮
সংযুক্তি ৭: জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এর সাথে মতবিনিময়, শেয়ারিং এবং সুপারিশ সমূহ	৮৯
সংযুক্তি **৮**: শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা	৯১
সংযুক্তি ৯: আপদ ও ঝুঁকির মানচিত্র (খরা)	১২৯
সংযুক্তি ১০: আপদ ও ঝুঁকির মানচিত্র (বন্যা)	১৩০
সংযুক্তি ১১: আপদ ও ঝুঁকির মানচিত্র (কালবৈশাখী ঝড়)	১৩১
সংযুক্তি ১২: আপদ ও ঝুঁকির মানচিত্র (নদীভাঙন)	১৩২
সংযুক্তি ১৩: আপদ ও ঝুঁকির মানচিত্র (তাপদাহ)	১৩৩
সংযুক্তি ১৪: আপদ ও ঝুঁকির মানচিত্র (ফাঁপি)	১৩৪
সংযুক্তি ১৫: আপদ ও ঝুঁকির মানচিত্র (আর্সেনিক)	১৩৫
সংযুক্তি ১৬: আপদ ও ঝুঁকির মানচিত্র (পানির স্তর)	১৩৬
সংযুক্তি **১৭**: আপদ ও ঝুঁকির মানচিত্র (পানির স্তর)	১৩৭
সংযুক্তি **১৮**: আপদ ও ঝুঁকির মানচিত্র (পানির স্তর)	১৩৮
সংযুক্তি **১৯**: আপদ ও ঝুঁকির মানচিত্র (পানির স্তর)	১৩৯
সংযুক্তি **২০**: আপদ ও ঝুঁকির মানচিত্র (পানির স্তর)	১৪০
সংযুক্তি **২১**: আপদ ও ঝুঁকির মানচিত্র (পানির স্তর)	১৪১
সংযুক্তি **২২**: আপদ ও ঝুঁকির মানচিত্র (পানির স্তর)	১৪২

টেবিলের তালিকা

পৃষ্ঠা

টেবিল ১.১: জেলা ,উপজেলা ও ইউনিয়নের নাম ৩
টেবিল ১.২: উপজেলা ভিত্তিক পুরুষ, মহিলা, শিশু, বৃদ্ধ, প্রতিবন্ধি, পরিবার ও ভোটার সংখ্যা। ৪
টেবিল ১.৩: জেলার রাস্তার তথ্য ৭
টেবিল ১.৪: উপজেলা ভিত্তিক সেচ ব্যাবস্থা ৮
টেবিল ১.৫: উপজেলা ভিত্তিক হাটবাজার ৯
টেবিল ২.১: দুর্যোগের নাম, বছর, ক্ষতির পরিমান ও ক্ষতিগ্রস্থ ক্ষাত ১৮
টেবিল ২.২ : আপদ ও আপদের চিহ্নিত করণ ও অগ্রাধিকার। ১৯
টেবিল ২.৩: আপদ ভিত্তিক বিপদাপন্নতা ও সক্ষমতা। ২০
টেবিল ২.৪ :আপদ ভিত্তিতে সর্বাধিক বিপদাপন্ন এলাকা ,কারণ ও বিপদাপন্ন জনসংখ্যা। ২১
টেবিল ২.৫: উন্নয়নের খাত ও দুর্যোগ ঝুকি হ্রাসের সাথে সমন্বয়। ২২
টেবিল ২.৬: মাস ভিত্তিতে আপদের দিনপঞ্জি। ২৫
টেবিল ২.৭: জীবিকার মৌসুমী দিনপঞ্জি। ২৬
টেবিল ২.৮ :জীবন ও জীবিকি সম্পর্কিত বিপদাপন্নতা। ২৬
টেবিল ২.৯: খাত ভিত্তিক আপদ ও ঝুঁকি। ২৬
টেবিল ২.১০: খাত ভিত্তিক জলবায়ু পরিবর্তন ও তার সম্ভাব্য প্রভাব। ২৬
টেবিল ৩:১. জেলায় চিহ্নিত ঝুঁকির কারণসমূহ। ২৯
টেবিল ৩.২: জেলার চিহ্নিত ঝুঁকিসমূহ নিরসনের সম্ভাব্য উপায়। ৩২
টেবিল ৩.৩: এনজিওদের উন্নয়ন পরিকল্পনা ৩৬
টেবিল ৩.৪: দুর্যোগ পূর্ব প্রস্তুতিমূলক কর্মপরিকল্পনা। ৩৮
টেবিল ৩.৫: দুর্যোগ কালীন প্রস্তুতিমূলক কর্মপরিকল্পনা। ৪১
টেবিল ৩.৬: দুর্যোগ পরবর্তী প্রস্তুতিমূলক কর্মপরিকল্পনা। ৪৬
টেবিল ৩.৭: স্বাভাবিক সময়ে প্রস্তুতিমূলক কর্মপরিকল্পনা। ৪৭
টেবিল ৪.১: জরুরী অপারেশন সেন্টারের সার্বিক দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ। ৫২
টেবিল ৪.২: আপদ কালীন কর্মপরিকল্পনা বাস্তবায়নের ছক। ৫৪
টেবিল ৪.৩: জেলার নিরাপদ স্থান সমূহের তালিকা ও বর্ণনা ৫৮
টেবিল ৪.৪: উপজেলার আশ্রয় স্থান সমূহের তালিকা ও বর্ণনা ৬২
টেবিল ৪.৫: দুর্যোগকালে ব্যবহারযোগ্য উপজেলার সম্পদ সমূহের তালিকা ও বর্ণনা। ৬৪
টেবিল ৪.৬: পরিকল্পনা ফলোআপ কমিটির তালিকা। ৬৫
টেবিল ৪.৭: পরিকল্পনা বাস্তবায়ন ও রক্ষনাবেক্ষন কমিটির তালিকা। ৬৫
টেবিল ৫.১: খাত ভিত্তিক ক্ষয়ক্ষতির মূল্যায়ন। ৬৭
টেবিল ৫.২: জেলা পর্যায়ে প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠাকরণ কমিটির তালিকা। ৬৮
টেবিল ৫.৩: জেলা পর্যায়ে ধ্বংসাবশেষ পরিস্কারকরণ কমিটির তালিকা। ৭০
টেবিল ৫.৪: জেলা পর্যায়ে জনসেবা পুনরাম্ভকরণ কমিটির তালিকা। ৭১
টেবিল ৫.৫: জেলা পর্যায়ে জরুরী জীবিকা সহায়তাপ্রদান কমিটির তালিকা। ৭৩

গ্রাফচিত্রের তালিকা

পৃষ্ঠা

গ্রাফচিত্র ১.১: বিগত সাত বছরের বৃষ্টিপাতের স্পাইডার বিশ্লেষণ ১৪
গ্রাফচিত্র ১.২: বিগত সাত বছরের বৃষ্টিপাতের সারফেস কন্টুর বিশ্লেষণ ১৪
গ্রাফচিত্র ১.৩:বিগত ত্রিশ বছরের তাপমাত্রার সারফেস কন্টুর বিশ্লেষণ ১৫

মানচিত্রের তালিকা

	পৃষ্ঠা
মানচিত্র ১.১: জেলার মানচিত্র	১৭
মানচিত্র ২.১: জেলার সামাজিক মান চিত্র	২৪
মানচিত্র ২.২: জেলার আপদ ও ঝুঁকি মানচিত্র	২৪
সংযুক্তি **৯**: আপদ ও ঝুঁকির মানচিত্র (নদীভাঙন)	১২৯
সংযুক্তি **১০**: আপদ ও ঝুঁকির মানচিত্র (শৈতপ্রবাহ)	১৩০
সংযুক্তি **১১**: আপদ ও ঝুঁকির মানচিত্র (পোকার আক্রমন)	১৩১
সংযুক্তি **১২**: আপদ ও ঝুঁকির মানচিত্র (ঘন কুয়াশা)	১৩২
সংযুক্তি **১৩**: আপদ ও ঝুঁকির মানচিত্র (খরা)	১৩৩
সংযুক্তি **১৪**: আপদ ও ঝুঁকির মানচিত্র (পানির নিম্ন স্তর)	১৩৪
সংযুক্তি **১৫**: আপদ ও ঝুঁকির মানচিত্র (বন্যা)	১৩৫
সংযুক্তি **১৬**: আপদ ও ঝুঁকির মানচিত্র (বজ্রপাত)	১৩৬
সংযুক্তি **১৭**: আপদ ও ঝুঁকির মানচিত্র (অনাবৃষ্টি)	১৩৭
সংযুক্তি **১৮**: আপদ ও ঝুঁকির মানচিত্র (ঝড়)	১৩৮
সংযুক্তি **১৯**: আপদ ও ঝুঁকির মানচিত্র (টর্নেডো)	১৩৯
সংযুক্তি **২০**: আপদ ও ঝুঁকির মানচিত্র (অনাবৃষ্টি)	১৪০
সংযুক্তি **২১**: আপদ ও ঝুঁকির মানচিত্র (শৈতপ্রবাহ)	১৪১
সংযুক্তি **২২**: আপদ ও ঝুঁকির মানচিত্র (পোকার আক্রমন)	১৪২
সংযুক্তি **২৩**: আপদ ও ঝুঁকির মানচিত্র (ঘন কুয়াশা)	১৪৩
সংযুক্তি **২৪**: আপদ ও ঝুঁকির মানচিত্র (খরা)	১৪৪
সংযুক্তি **২৫**: আপদ ও ঝুঁকির মানচিত্র (পানির নিম্ন স্তর)	১৪৫
সংযুক্তি **২৬**: আপদ ও ঝুঁকির মানচিত্র (বন্যা)	১৪৬
সংযুক্তি **২৭**: আপদ ও ঝুঁকির মানচিত্র (বজ্রপাত)	১৪৭
সংযুক্তি **২৮**: আপদ ও ঝুঁকির মানচিত্র (নদী ভাঙন)	১৪৮
সংযুক্তি **২৯**: আপদ ও ঝুঁকির মানচিত্র (ঝড়)	১৪৯
সংযুক্তি **৩০**: আপদ ও ঝুঁকির মানচিত্র (টর্নেডো)	১৫০

প্রথম অধ্যায়
স্থানীয় এলাকা পরিচিতি

১.১ পটভূমি

দুর্যোগের স্থায়ী আদেশাবলীতে ঝুঁকিহ্রাস ও কন্টিনজেন্সী পরিকল্পনাকে অন্তর্ভুক্ত করে জেলা, উপজেলা, পৌরসভার ও সিটি কর্পোরেশন পর্যায়ে দুর্যোগ ব্যাবস্থাপনা কর্মপরিকল্পনা প্রনয়নের সুপারিশ করা হয়েছে। দুর্যোগ বাবস্থাপনা কর্মপরিকল্পনা বিষয়টি সিডিএমপি খুবই গুরুত্বের সাথে নিয়েছে। পরিকল্পনার স্থায়ীত্বশীলতা ও কার্যকারীতা নিবিড় এবং ফলাফলধর্মী কর্মপদ্ধতি, সংশ্লিষ্ট সংগঠন, প্রতিষ্ঠানের ও জনগোষ্ঠীর অংশগ্রহণের উপর নির্ভরশীল। দুর্যোগ ব্যাবস্থাপনা পরিকল্পনাটি ৩-৫ বছরের জন্য করা হবে।

বাংলাদেশ বিশ্বের মানচিত্রে অন্যতম একটি দুর্যোগ প্রবণ দেশ। এদেশে প্রতিটি জেলাই কম বেশি দুর্যোগে আক্রান্ত হয়। নওগাঁ এ জেলাগুলোর মধ্যে অন্যতম। বরেন্দ্র অঞ্চলে অনাবৃষ্টি প্রধান সমস্যা, আর ভর অঞ্চলে প্রধান সমস্যা বন্যা। নওগাঁ জেলায় প্রতি বছর দুর্যোগ হয় এবং জনসাধারন এর জীবন ও জীবিকার উপর বিরুপ প্রভাব ফেলে। প্রতি বছর বিভিন্ন দুর্যোগে পতিত হলেও জেলা পর্যায়ে কোন রকম পরিকল্পনার প্রতিফলন দেখা যায়নি। সার্বিক দুর্যোগ ব্যবস্হাপনার অংশ হিসাবে এই দুর্যোগ ব্যবস্হাপনা পরিকল্পনা টি নওগাঁ জেলার জন্য প্রনয়ন করা হয়েছে।

নওগাঁ শব্দর উৎপত্তি হয়েছে 'নও' (নতুন -ফরাসী শব্দ) ও' গাঁ' (গ্রাম) শব্দ দু'টি হতে । এই শব্দ দু'টির অর্থ হলো নতুন গ্রাম । অসংখ্য ছোট ছোট নদীর লীলাক্ষেত্র এ অঞ্চল । আত্রাই নদী তীরবর্তী এলাকায় নদী বন্দর এলাকা ঘিরে নতুন যে গ্রাম গড়ে উঠে, কালক্রমে তা-ই নওগাঁ শহর এবং সর্বশেষ নওগাঁ জেলায় রুপান্তরিত হয়। নওগাঁ শহর ছিল রাজশাহী জেলার অন্তর্গত । কালক্রমে এ এলাকাটি গ্রাম থেকে থানা এবং থানা থেকে মহকুমায় রুপ নেয় । ১৯৮৪ এর ১ মার্চ- এ নওগাঁ মহকুমা ১১টি উপজেলা নিয়ে জেলা হিসেবে ঘোষিত হয় । বাংলাদেশ উত্তর -পশ্চিমভাগ বাংলাদেশ - ভারত আন্তর্জাতিক সীমা রেখা সংলগ্ন যে ভূখন্ডটি ১৯৮৪ খ্রিঃ এর ১ মার্চের পূর্ব পর্যন্ত অবিভক্ত রাজশাহী জেলার অধীন নওগাঁ মহকুমা হিসেবে গণ্য হতো, তাই এখন হয়েছে বাংলাদেশের কন্ঠশোভা নওগাঁ জেলা । নওগাঁ প্রাচীন পৌন্ড্রবর্ধন ভূক্ত অঞ্চল ছিল। অন্য দিকে এটি আবার বরেন্দ্র ভূমিরও একটি অবিচ্ছেদ্য অংশ । নওগাঁর অধিবাসীরা ছিল প্রাচীন পুন্ড্র জাতির বংশধর । নৃতাত্বিকদের মতে , পুন্ডরা বিশ্বামিত্র বংশধর এবং বৈদিক যুগের মানুষ । মহাভারত পুন্ড্রদের অন্ধ ঋষি দীর্ঘতমার ঔরষজাত বলি রাজার বংশধর বলে উলেখ করা হয়েছে । আবার কারো মতে, বাংলার আদিম পাদদর বংশধর রুপে পুন্ড্রদের বলা হয়েছে । এদিক দিয়ে বিচার করলে নওগাঁ যে প্রাচীন জনগোষ্ঠির আবসস্হল ছিল তা সহজেই বলা যায় । নওগাঁ জেলা আদিকাল হতেই বৈচিত্র ভরপুর । ছোট ছোট নদী বহুল এ জেলা প্রাচীনকাল হতেই কৃষি কাজের জন্য প্রসদ্ধি । কৃষি কাজের জন্য অন্যতম উপযোগী এলাকায় বিভিন্ন অঞ্চল নিয়ে অসংখ্য জমিদার গোষ্ঠী গড়ে উঠে । এ জমিদার গোষ্ঠীর আশ্রয়েই কৃষি কাজ সহযোগী হিসেবে খ্যাত সাঁওতাল গোষ্ঠীর আগমন ঘটতে শুরু করে এ অঞ্চলে। সাঁওতাল গোষ্ঠীর মতে এ জেলায় বসবাসরত অন্যান্য আদিবাসীদের মধ্যে মাল পাহাড়িয়া, কুর্মি,মহালী ও মুন্ডা বিশেষভাবে খ্যাত । নানা জাতি ও নানা ধর্মের মানুষের সমন্বয়ে গঠিত নওগাঁ জেলা মানব বৈচিত্র্যে ভরপুর । অসংখ্য পুরাতন মসজিদ, মন্দির, গীর্জা ও জমিদার বাড়ি প্রমাণ করে নওগাঁ জেলা সভ্যতার ইতিহাস অনেক পুরাতন ।

এই দলিলের ১ম থেকে ৩য় অধ্যায়ে মান্দা উপজেলার সামাজিক, অর্থনৈতিক, প্রাকৃতিক ও অবকাঠামোগত সংক্ষিপ্ত বর্ণনা, কৌশলপত্রের প্রাসঙ্গিকতা, অন্তর্নিহিত কারণগুলোর রূপরেখা ও উপজেলায় জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব, ভিন্ন ভিন্ন অভিযোজন কৌশলের বিবরণ এবং দুর্যোগ ব্যবস্থাপনায় সক্ষমতা বাড়ানো ও প্রতিরোধ ক্ষমতা অর্জনের উদ্দেশ্যে ৩-৫ বছরের কর্মপরিকল্পনার সংক্ষিপ্ত রূপরেখা দেয়া হয়েছে। ৪র্থ ও ৫ম অধ্যায়ে সাধারণ মানুষ, বিশেষত সমাজ-রাজনৈতিক কর্মী ও উন্নয়ন কর্মীদের অংশগ্রহনে দুর্যোগ ব্যবস্থাপনায় সক্ষমতা বাড়ানো ও প্রতিরোধ ক্ষমতা অর্জনের উদ্দেশ্যে প্রাতিষ্ঠানিকিকরনের রূপরেখা দেয়া হয়েছে।

বৃষ্টিপাত ও ভূমির গঠন প্রকৃতিগত তারতম্য অনুসারে বাংলাদেশের অপরাপর অঞ্চলের সঙ্গে নওগাঁ জেলার আবহাওয়ার পার্থক্য সূক্ষ্ম হলেও অলক্ষনীয় নয়। জেলার অভ্যন্তরেও ভর এবং বরেন্দ্র অঞ্চলের মধ্যে আবহাওয়ার কিছুটা তারতম্য পরিলক্ষিত হয়।

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রতিক্রিয়া থেকে দরিদ্র ও বিপদাপন্ন জনসাধারনের সুরক্ষা এবং একইসঙ্গে দেশের অর্থনৈতিক উন্নয়নের ধারাবাহিকতা রক্ষার উদ্দেশ্যে 'দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়' সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচীর (সিডিএমপি) অধীনে স্থানীয় জনগোষ্ঠীর দুর্যোগ ঝুঁকি নিরসনকল্পের অংশ হিসেবে একটি বহুমুখী পূর্ব প্রস্তুতিমূলক পরিকল্পনা প্রনয়নের সিদ্ধান্ত নিয়েছে। যেহেতু উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনায়, জলবায়ু পরিবর্তনের ভবিষ্যৎ বিপদাপন্নতা মোকাবেলায় জনসাধারণের আর্থসামাজিক উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য, আবাসন ও অন্যান্য অবকাঠামোগত উন্নয়নের আগ্রাধিকার নিরূপণ ও বাস্তবায়ন কৌশল নির্ধারণ করা হয়েছে সেহেতু এ সম্পর্কে সংশ্লিষ্ট সকলের ধারনা থাকা খুবই গুরুত্বপূর্ণ।

১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্য

জলবায়ু পরিবর্তনের ফলে প্রাকৃতিক দুর্যোগের ধরন পরিবর্তনের সম্ভাবনা রয়েছে। এ প্রেক্ষিতে জলবায়ুর পরিবর্তনজনিত দুর্যোগ মোকাবেলা করার জন্য মাঠ পর্যায়ের যেকোন কার্যকরী সর্বোত্তম উদ্যোগকে জাতীয়ভাবে নীতি নির্ধারণী পর্যায়ে উপস্থাপন করা প্রয়োজন। বর্তমানে দুর্যোগ বাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচীর (সিডিএমপি) মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীর ঝুঁকি নিরূপণ ও হ্রাসকল্পে একটি বহুমুখী কর্মপরিকল্পনা হাতে নিয়েছে। এই কর্মসূচীর আওতায় বাংলাদেশ সরকার ত্রাণ ও পুনর্বাসন নির্ভর দুর্যোগ ঝুঁকি মোকাবেলা কৌশল পরিবর্তন করে দীর্ঘমেয়াদি ঝুঁকি মোকাবেলা কার্যক্রম হাতে নিয়েছে যার প্রধান প্রধান উদ্দেশ্যগুলো হল-

- পরিবার ও সমাজ পর্যায়ে **দুর্যোগ** এর ঝুঁকি সর্ম্পকে গনসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাস করণে পরিবার সমাজ ইউনিয়ন প্রশাসন, উপজেলা ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তব সম্মত উপায় উদ্ভাবন করা।
- স্থানীয় উদ্দ্যগে যথা সম্ভব স্থানীয় সম্পদ ব্যবহার এর মাধ্যমে ঝুঁকিহ্রাস করণ ও ব্যবস্হাদির বাস্তবায়ন পদ্ধতির উন্নয়ন সাধন, অপসারণ, উদ্ধার, চাহিদা নিরুপণ, ত্রাণ ও তাৎক্ষণিক পুর্নবাসন ব্যবস্হার জন্য স্থানীয় ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ।
- একটি নির্দিষ্ট এলাকার এবং নির্দিষ্ট সময় এর জন্য কৌশলগত দলিল তৈরী করা।
- **দুর্যোগ** ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টর এর (সরকারি, আন্তঃর্জাতিক ও জাতিও এনজিও ও দাতা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসাবে কাজ করবে।
- **দুর্যোগ** ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এর নির্দেশনা প্রদান করে।
- সংশ্লিষ্ট কমিউনিটির **দুর্যোগ** পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহণ, কার্যকর অংশীদারত্ব ও মালিকানাবোধ জাগ্রত করা।

১.৩ স্থানীয় এলাকা পরিচিতি

নওগাঁ জেলা আদিকাল হতেই বৈচিত্র ভরপুর । ছোট ছোট নদী বহুল এ জেলা প্রাচীনকাল হতেই কৃষি কাজের জন্য প্রসদ্ধি । কৃষি কাজের জন্য অত্যন্ত উপযোগী এলাকায়, বিভিন্ন অঞ্চল নিয়ে অসংখ্য জমিদার গোষ্ঠী গড়ে উঠে । এ জমিদার গোষ্ঠীর আশ্রয়েই কৃষি কাজ সহযোগী হিসেবে খ্যাত সাঁওতাল গোষ্ঠীর আগমন ঘটতে শুরু করে এ অঞ্চল । সাঁওতাল গোষ্ঠীর মতে এ জেলায় বসবাসরত অন্যান্য আদিবাসীদের মধ্যে মাল পাহাড়িয়া, কুর্মি,মহালী ও মুন্ডা বিশেষভাবে খ্যাত । নানা জাতি ও নানা ধর্মের মানুষের সমন্বয়ে গঠিত নওগাঁ জেলা মানব বৈচিত্র্য ভরপুর । অসংখ্য পুরাতন মসজিদ, মন্দির, গীর্জা ও জমিদার বাড়ি প্রমাণ করে নওগাঁ জেলা সভ্যতার ইতিহাস অনেক পুরাতন ।

১১.৩. ভৌগোলিক অবস্থান

উত্তরে ভারতের দক্ষিণ দিনাজপুর, দক্ষিণে বাংলাদেশের নাটোর ও রাজশাহী, পূর্বে জয়পুরহাট ও বগুড়া জেলা এবং পশ্চিমে ভারতের মালদহ ও বাংলাদেশের নবাবগঞ্জ জেলা, এরই অন্তর্বর্তি ভূ-ভাগ এই নওগাঁ জেলা। বিভাগীয় সদর থেকে নওগাঁ জেলার দূরত্ব আনুমানিক ৭০ কিঃমিঃ। এ জেলার আয়তন ৩,৪৩৫.৬৭ বর্গ কি:মি:। জনসংখ্যার ঘনত্ব ৭৫৭ জন/কি:মি: (বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ২০১১)। পত্নীতলা, ধামইরহাট, মহাদেবপুর, পোরশা, সাপাহার, বদলগাছী, মান্দা, নিয়ামতপুর, আত্রাই, রাণীনগর ও নওগাঁ এই এগারোটি উপজেলা নিয়ে গঠিত নওগাঁ জেলাকে ভূমির প্রকৃতি ও বৈশিষ্ট্য অনুসারে তিন ভাগে ভাগ করা যায়। ক) বরেন্দ্র অঞ্চল, খ) বিল বা ভর অঞ্চল এবং গ) পলি অঞ্চল। নওগাঁ জেলার মধ্য দিয়ে বেশ কয়েকটি নদ-নদী প্রবাহিত হয়েছে। এদের উৎসমূলে রয়েছে হিমালয়ের সিকিম অঞ্চল হতে নেমে আসা তিস্তা নদী। 'তিস্তা বা ত্রি-স্রোতা উত্তরবঙ্গের

গুরুত্বপূর্ণ নদী। হিমালয়ে তার জন্ম। বাংলাদেশে প্রবেশ করেছে দার্জিলিং, জলপাইগুড়ির ভিতর দিয়ে। জলপাইগুড়ি থেকে তিস্তা তিনভাগে ভাগ হয়ে সোজা দক্ষিণে প্রবাহিত হয়েছে। দক্ষিণবাহী এবং পূর্বতম প্রবাহের নাম করতোয়া, দক্ষিণবাহী এবং পশ্চিমতম ধারার নাম পুনর্ভবা বা পূর্ণভবা। মধ্যবর্তী ধারার নাম আত্রাই।' (অজয় রায় বাঙলা ও বাঙালী, পৃঃ ১০)

১.৩.২ আয়তন

নওগাঁ জেলার আয়তন ৩,৪৩৫.৬৭ বঃকিঃ (১,৩২৬.৫২ বঃমাঃ), মোট উপজেলার সংখ্যাঃ ১১ টি, পৌর সভার সংখ্যাঃ ০৩ টি, ইউনিয়ন পরিষদের সংখ্যাঃ ৯৯টি এবং গ্রামের সংখ্যাঃ ২৮৫৪টি।

টেবিল ১.১: জেলা, উপজেলা, ও ইউনিয়ন এর নাম

জেলা নম্বর ও জিও কোড	উপজেলার নাম ও জিও কোড	ইউনিয়নের নাম
নওগাঁ (৬৪)	আত্রাই (০৩)	সাহাগোলা, আহসানগঞ্জ, বিশা, কালিকাপুর, ভোঁপাড়া, পাঁচুপুর,মনিয়ারী, হাটকালুপাড়া। মোট ইউনিয়নের সংখ্যা= ৮টি।
	বদলগাছি (০৬)	বদলগাছী, পাহাড়পুর, বিলাশবাড়ী, বালুভরা, মথুরাপুর, মিঠাপুর, আধাইপুর, কোলা। মোট ইউনিয়নের সংখ্যা= ৮টি।
	ধামইরহাট (২৮)	ধামইরহাট, আলমপুর, আড়ানগর, ইসবপুর, আগ্রাদ্বিগুন, উমার, জাহানপুর, খেলনা। মোট ইউনিয়নের সংখ্যা= ৮টি।
	ধামইরহাট পৌরসভা	১-৯ ওয়ার্ড
	মান্দা (৪৭)	ভারশোঁ, পরানপুর, গনেশপুর, প্রসাদপুর, তেঁতুলিয়া, কালিকাপুর, কশব, ভালাইন, মান্দা, মৈনম, কুসুম্বা, নুরুল্যাবাদ, কাঁশোপাড়া, বিষ্ণুপুর। মোট ইউনিয়নের সংখ্যা= ১৪টি।
	মহাদেবপুর (৫০)	মহাদেবপুর, খাজুর, রাইগাঁ, সফাপুর, চেরাগপুর, হাতুড়, চান্দাশ, এনায়েতপুর, উত্তরগ্রাম, ভীমপুর। মোট ইউনিয়নের সংখ্যা= ১০টি।
	নওগাঁ সদর (৬০)	বর্ষাইল, বক্তারপুর, হাপানিয়া, বোয়ালিয়া, চন্ডিপুর, শিকারপুর, কীর্ত্তিপুর, তিলকপুর, দুবলহাটি, হাঁসাইগাড়ী, বলিহার, শৈলগাছী। মোট ইউনিয়নের সংখ্যা= ১২টি।
	নওগাঁ পৌরসভা	১-৯ ওয়ার্ড
	নিয়ামতপুর (৬৯)	হাজীনগর, ভাবিচা, রসুলপুর, শ্রীমমন্তপুর, চন্দননগর, নিয়ামতপুর, পাড়ইল, বাহাদুরপুর। মোট ইউনিয়নের সংখ্যা= ৮টি।
	পত্নীতলা (৭৫)	পত্নীতলা, দিবর, মাটিন্দর, পাটিচরা, ঘোষনগর, শিহাড়া, নির্মইল, আকবরপুর, কৃষ্ণপুর, নজিপুর, আমাইড়। মোট ইউনিয়নের সংখ্যা= ১১টি।
	নজিপুর পৌরসভা	১-৯ ওয়ার্ড
	পোরশা (৭৯)	নিতপুর, ছাওড়, ঘাটনগর, তেতুঁলিয়া, গাংগুরিয়া, মশিদপুর। মোট ইউনিয়নের সংখ্যা= ৬টি।
	রাণীনগর (৮৫)	রানীনগর, গোনা, বড়গাছা, একডালা, কাশিমপুর, পারইল, কালীগ্রাম, মিরাট। মোট ইউনিয়নের সংখ্যা= ৮টি।
	সাপাহার (৮৬)	সাপাহার, তিলনা, পাতাড়ী, গোয়ালা, আইহাই, শিরন্টি। মোট ইউনিয়নের সংখ্যা= ৬টি।

তথ্য সূত্র: আদমশুমারী, ২০১১

১.৩.৩ জনসংখ্যা

২০১১ সনের আদমশুমারী অনুযায়ী নওগাঁ জেলার লোকসংখ্যা ২৬০০১৫৭ জন যার মধ্যে পুরুষ ১৩০০২২৭ জন, মহিলা ১২৯৯৯৩০ জন, নারী ও পুরুষের অনুপাত ১:১ এবং প্রতি বর্গ কিলোমিটারে লোকসংখ্যার ঘনত্ব ৯৬৮.১৫ জন। এ উপজেলায় মোট চাষি পরিবারের সংখ্যা ৪,৬৪,১২৮ টি। জাতিগত জনসংখ্যার দিক থেকে এ উপজেলায় বসবাস করে ৩২৯৫৯২ জন মুসলিম, ৩১৭৯১ জন হিন্দু, ১৭৮ জন খ্রীষ্টান, ১ জন বৌদ্ধ এবং বিভিন্ন প্রকার উপজাতি যেমন-সাঁওতাল,বানুয়া, কোচ ও রাজবংশী রয়েছে ২২৯৬ জন। এই জনগোষ্ঠীর জীবিকা নির্বাহের প্রধান মাধ্যম হল কৃষি যা থেকে অর্জিত হয় মোট আয়ের ৫২.৬৭ ভাগ।

টেবিল ১.২: উপজেলা ভিত্তিক পুরুষ, মহিলা, শিশু, বৃদ্ধ, প্রতিবন্ধি, পরিবার ও ভোটার সংখ্যা

উপজেলার নাম ও জি ও কোড	পুরুষ	মহিলা	শিশু (০-১৫)%	বৃদ্ধ (৬০+)%	প্রতিবন্ধি %	মোট জনসংখ্যা	পরিবার/ খানা	ভোটার
আত্রাই (০৩)	৯৬১২৯	৯৭১২৭	৩০	৮.২	১.২	১৯৩২৫৬	৪৫৪৬৫	১২৭০০০
বদলগাছি (০৬)	১০০৫৬৬	১০০৭৭৬	২৮	৪.০	২	২০১৩৪২	৫৪০০১	১৪২০৬৫
ধামুইরহাট (২৮)	৯৩৫৬৩	৯১২১৫	২৮.৪	৮.১	১.৮	১৮৪৭৭৮	৪৯০৪৬	১১৯৫১৮
ধামুইরহাট পৌরসভা	৭৭৪৯	৭২৫৭	২৯.৩	৭.০	২.২	১৫০০৬	৩৮৫২	১০২৪
মান্দা (৪৭)	১৮০০২৩	১৮৩৮৩৫	২৮.২	৮.৭	১.৫	৬৩৩৮৫৮	৯৭২১৯	২৭৪৭৯৯
মহাদেবপুর (৫০)	১৪৬৯০৫	১৪৫৯৫৪	২৭.৯	৮.৬	১.৬	২৯২৮৫৯	৭৬০৮৯	২০৬৫৫৭
নওগাঁ সদর (৬০)	২০৫৪০৫	২০০৬৪৩	২৮.৬	৮.০	১.৪	৪০৫১৪৮	১০০৮৬৭	২০২৫৭৪
নওগাঁ পৌরসভা	৭৭৩২৬	৭৩২২৩	২৭.৩	৬.৬	১.০	১৫০৫৪৯	৩৫৯২৩	৯১৬১৩
নিয়ামতপুর (৬৯)	১২২৫৭৮	১২৫৭৭৩	৩০.৫	৭.৩	১.৭	২৪৮৩৫১	৬১৮১১	১২৪১৭৫
পত্নীতলা (৭৫)	১১৬৭২৪	১১৫১৭৬	২৮.২	৭.১	১.৬	২৩১৯০০	৫৮৬৬১	১৫১১১৪
নজিপুর পৌরসভা	১১২৩৪	১০৪৩২	২৬.৩	৬.৮	১.০	২১৬৭০	৫৩১৫	১০৮৩৫
পোরশা (৭৯)	৬৬২৯৯	৬৫৭৯৬	৩২.৮	৬.৬	১.৭	১৩২০৯৫	৩০৭৭৩	৬৬০৪৭
রাণীনগর (৮৫)	৯১৬৩১	৯৩১৪৭	৩০.৩	৮.২	১.৬	১৮৪৭৭৮	৪৫৬৩৭	১১৬৯৩০
সাপাহার (৮৬)	৮১৩০৪	৮০৪৮৮	৩২.৬	৬.৩	২.১	১৬১৭৯২	৩৬২৩২	১০৩৯৯৬
মোট	২৬৯৮৫৬৩	২৬৯০৭৭২				৩০৫৭৩৮২	৭০০৮৯১	১৭৩৮২৪৭

তথ্যসূত্র: আদমশুমারী, ২০১১

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্য

নওগাঁ মুলতঃ কৃষি প্রধান উপজেলা। এখানকার সিংহভাগ মানুষের জীবিকার প্রধান উৎস কৃষি। তাই এখানে গড়ে উঠেছে বেশ কিছু কৃষি ভিত্তিক শিল্প প্রতিষ্ঠান। উপজেলার সকল ওয়ার্ড, ইউনিয়ন পল্লী বিদ্যুতের আওতাধীন। উপজেলায় বেশ কয়েকটি ক্ষুদ্র ও কুটির শিল্প এবং বৃহৎ শিল্প প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে হাঁস-মুরগীর খামার, গবাদিপশুর খামার, অটো রাইস মিল, ছাপা খানা, ঝালাই কারখানা, কোল্ডস্টোরেজ, ইট-ভাটা এবং বিভিন্ন ধরনের কুটির শিল্প অন্যতম। এছাড়াও শিল্পো-কলকারখানা বরফকল, আটাকল, স'মিল ইত্যাদি রয়েছে। বাস টার্মিনাল ও পেট্রোল পাম্প সহ যোগাযোগ ব্যবস্থা উন্নত হওয়ায় ব্যবসা বাণিজ্যের বিস্তার লাভ করেছে বহুলাংশে।

১.৪.১ অবকাঠামো

বাঁধ

বদলগাছী উপজেলার মথুরাপুর ইউনিয়নের কালিতলা বাজার থেকে বদলগাছী ইউনিয়ন ও আধাইপুর ইউনিয়নের মধ্যবর্তী সীমানা হয়ে বালুহারা ইউনিয়নের বালুহারা বাজার পর্যন্ত নদীর দুই তীরে ২৮কি.মি বাঁধ রয়েছে। জুন থেকে অক্টোবর মাসে

বৃষ্টির প্রভাবে ছোট যমুনা নদী সহ খালগুলো প্রাণ ফিরে পায় তখন এই ২৮ কিমি বাঁধ পানি উপচে পড়া থেকে রক্ষা করে। তবে বাঁধের বেশ কিছু অংশ সংস্কারের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

মান্দা উপজেলায় অসংখ্য বাঁধ রয়েছে, বিল ভর অঞ্চলের কারনে রাস্তাগুলো বাঁধের কাজ করে। তার মধ্যে অন্যতম একটি বাঁধ আত্রাই নদীর দুই পাশ দিয়ে মিঠাপুকুর হতে পাঠাকাটা পর্যন্ত। এই বাঁধের দৈর্ঘ্য ৪২ কিমি.। এছাড়া এ উপজেলার চারপাশ দিয়ে ২০৭ টি রাস্তা সদৃশ বাঁধ রয়েছে যা আকষ্মিক বন্যা মোকাবেলায় এ উপজেলার জন্য দূর্গ হিসাবে কাজ করে।

ধামুইরহাট উপজেলায় মাইগঞ্জ বাজার থেকে সালিগ্রাম পর্যন্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মিত ১০টি (১৫৮ হেক্টর) বাঁধ রয়েছে যার মধ্যে আগ্রাখাড়ির তেলিপুকুর খালে ১টি, সরনজাবাড়ি খালে ৪টি, ধনঞ্জয় নগরে ১ টি ও ফুলবনখাড়িতে ৪টি বাঁধ রয়েছে।

সাপাহার উপজেলা প্রধানত সমুদ্রপৃষ্ঠ থেকে সমতল অপেক্ষা উচু ভুমিতে তাই তুলনামূলক ভাবে বন্যার প্রকপ কম। তবুও বর্ষা মৌসুমে আকস্মিক পাহাড়ি ঢলের কারনে সাপাহার উপজেলার মধ্যাঞ্চল বিশেষ করে জবই বিল ও বিল সংলগ্ন এলাকা প্লাবিত হয়। তা্ই আকস্মিক প্লাবণ ঠেকাতে গোয়ালা ইউনিয়নে ১২ কিমি, আইহাই ইউনিয়নে ১ কিমি, পাতাড়ি ইউনিয়নে ১০ কিমি মাটি ও কনক্রিটের বাঁধ নির্মান করা হয়েছে।

মহাদেবপুর উপজেলায় ৪টি বাঁধ রয়েছে। প্রথমটি আত্রাই নদীর পশ্চিম পাশ দিয়ে মহাদেবপুর হতে মহিষবাথান পর্যন্ত যার দৈর্ঘ্য ৭.৩ কি.মি.। দ্বিতীয়টিও আত্রাই নদীর পশ্চিম পাশ দিয়ে চাঁন্দাশ ভোলাবাজার হতে শিবগঞ্জহাট পর্যন্ত যার দৈর্ঘ্য ৯.৮৮ তি.মি.। তৃতীয়টি আত্রাই নদীর পূর্ব পাশ দিয়ে মহাদেবপুর হতে সোজাইলমোড় পর্যন্ত যার দৈর্ঘ্য ১১.৫০ কি.মি. এবং চতুর্থটিও আত্রাই নদীর পূর্ব পাশ দিয়ে মহাদেবপুর হতে পাঠাকাটাহাট পর্যন্ত যার দৈর্ঘ্য ১৪ কি.মি.।

স্লুইচ গেট

বদলগাছী উপজেলায় চারটি স্লুইচ গেট রয়েছে। স্লুইচ গেটগুলো হল বেগুনজোয়ার, বৈকন্ঠপুর, বিলাসবাড়ী ও পাসনবাড়ী হাটে অবস্থিত। চখাবিল থেকে বীলাসবাড়ী খালের স্লুইচগেটে কোন পাটা নেই। জলবায়ু পরিবর্তনের কারণে নদী-নালা, খাল-বিল শুকিয়ে যায় ফলে স্লুইচ গেটগুলো বিশেষ কোন কাজে আসে না। ব্যবহার ও পরিচর্যার অভাবে সবগুলো স্লুইচ গেট বিকল হয়ে পরেছে। এছাড়া কৃষি কাজের জন্য নির্দিষ্ট পরিমান পানি ধরে রাখতে ক্রস ড্যাম ব্যবহার করা হয়। উপজেলার পানির বড় উৎস হলো ভূ-পৃষ্ঠের পানি, উপরি ভাগের পানির উৎস কমে ৬২৭ হে: এ নেমে আসায় স্লুইচ গেটগুলো গুরুত্ব হারিয়েছে।

সাপাহার উপজেলায় পানির আধিক্য কম কিন্তু খরা ও অনাবৃষ্টির প্রবনতা বেশি তাই কৃষি ও অন্যান্য দৈনন্দিন কাজে ব্যবহারের জন্য পানি বের করে দেবার বদলে ধরে রাখার প্রয়োজন পরে। এ কারণে এ উপজেলায় স্লুইচ গেট নেই তবে ৭৭ টি ক্রসড্যাম রয়েছে।

মহাদেবপুর উপজেলায় ২টি স্লুইচগেট রয়েছে। প্রথমটি খাজুর ইউনিয়নের খোর্দ্দকালনা নামক স্থানে এবং দ্বিতীয়টি খাজুর নামক স্থানে রামচন্দ্রপুর ইউনিয়নে অবস্থিত।

এলজিইডি এর তথ্য মতে মান্দা উপজেলায় ৫টি স্লুইচগেট রয়েছে। পানি নিষ্কাশনের এক মাত্র পথ আত্রাই হওয়ায় সবগুলো স্লুইচ গেটই উক্ত নদী সংলগ্ন। কশব (পারকুলিহাট আর পাইকপাড়া এর মধ্যে অবস্থিত) ইউনিয়নে আত্রাই নদীর উপর ১টি, প্রসাদপুর ইউনিয়নে আত্রাই নদীতে ২টি, খুদিয়াডাঙ্গায় আত্রাই নদীতে ১টি এবং গনেশপুরে আত্রাই নদীর উপর ১টি স্লুইস গেট রয়েছে যা বন্যা মোকাবেলায় সহায়ক ভূমিকা পালন করে। তাছাড়া অতিরিক্ত পানিও এ গেট গুলো মাধ্যমে বের করে দেওয়া হয়।

ধামুইরহাট ব্রীজ সংলগ্ন টুটিকাটা খালের উপরে ৭ ভেন্টের রেজুলেটর (স্লুইচ গেট) রয়েছে। এছাড়াও আরও ৩টি ২ ভেন্ট বিশিষ্ট স্লুইচ গেট রয়েছে।

ব্রীজ/ কালভার্ট

বদলগাছী উপজেলায় ৫১০টি ব্রীজ ও কালভার্ট রয়েছে। বদলগাছি বাজার হতে আগ্রাদ্বীগুন বাজার (জয়পুর হাট সদর)(বদলগাছির আংশ) পর্যন্ত ২৫টি কালভার্ট রয়েছে। ভান্ডারপুর বাজার হতে সাগরপুর-গবরচাপা বাজার পর্যন্ত মোট ১৬টি কালভার্ট রয়েছে। ভান্ডারপুর বাজার হতে কোলা বাজার পর্যন্ত মোট ৬টি কালভার্ট রয়েছে। হাপানিয়া বাজার হতে মাতাজী বাজার (মহাদেবপুর)(বদলগাছির আংশ) পর্যন্ত মোট ১৩টি কালভার্ট রয়েছে। কোলা বাজার হতে কৃতিপুর বাজার (নওগাঁ সদর) (বদলগাছির আংশ) পর্যন্ত মোট ২১টি কালভার্ট রয়েছে। গবোরচাপা বাজার হতে ত্রিমোহনী হয়ে গগণপুর বাজার (পত্নীতলা) (বদলগাছির আংশ) পর্যন্ত মোট ৮টি কালভার্ট রয়েছে। বালুপাড়া সড়ক হতে পরশোমবাড়ী হয়ে কৃর্তিপুর বাজার (নওগাঁ সদর) (বদলগাছির আংশ) পর্যন্ত মোট ১১টি কালভার্ট রয়েছে। ভান্ডারপুর বাজার হতে মিঠাপুর হয়ে রুকিন্দীপুর বাজার

(আক্কেলপুর)(বদলগাছির আংশ) পর্যন্ত ২৪টি কালভার্ট রয়েছে। গবোরচাপা বাজার হতে আক্কেলপুর বাজার (বদলগাছির আংশ) পর্যন্ত মোট ১৫টি কালভার্ট রয়েছে। বালুপাড়া সড়ক হতে গবোরচাপা বাজার পর্যন্ত মোট ৪টি কালভার্ট রয়েছে। কুমারপুর সড়ক হতে (চাঁদপুরহাট) পারশোমবাড়ীহাট হয়ে নন্দহার-কোলা বাজার পর্যন্ত মোট ১০টি কালভার্ট রয়েছে। গবোরচাপা বাজার হতে বুকিন্দীপুর বাজার পর্যন্ত মোট ১১টি কালভার্ট রয়েছে।

এল.জি.ডি এর প্রাপ্ত তথ্য মতে পুর্নভবা নদীর উপরে ৯০.১ মি দৈর্ঘ্যের ব্রীজ এছাড়া প্রি স্ট্রেস গার্ডার ব্রীজ ২ টি, ২০০ মি আরসিসি পিলার সহ ব্রীজ ১ টি, ২১ মি আরসিসি পিলার সহ ব্রীজ ১ টি, ৫১ মি আরসিসি পিলার সহ ব্রীজ ১ টি এবং ১৩১.৭৫ মি আরসিসি পিলার সহ ব্রীজ ১ টি রয়েছে। সাপাহার বাজার হতে মধুইল বাজার রাস্তা পর্যন্ত ১১টি কালভার্ট রয়েছে। সাপাহার বাজার হতে আগ্রাদ্বীগুণ বাজার রাস্তা পর্যন্ত ৭টি কালভার্ট রয়েছে। মধুইল বাজার হতে গোয়ালা ইউনিয়ন পরিষদ হয়ে নীতপুর বাজার পর্যন্ত ২৫টি কালভার্ট আছে আরও ১২টি কালভার্টের প্রয়োজন রয়েছে। সাপাহার বাজার হতে শিশা সড়ক রাস্তা পর্যন্ত ৪৭টি কালভার্ট রয়েছে। গানগুড়িয়া বাজার হতে তিলনার শিশা সড়ক পর্যন্ত ৮টি কালভার্ট রয়েছে। খঞ্জনপুর সড়ক হতে আগ্রাদ্বীগুন বাজার পর্যন্ত ২টি কালভার্ট রয়েছে। আগ্রাদ্বীগুণ বাজার হতে মধুইল হয়ে তালান্দার বপ-শীতল বপ পর্যন্ত ২৫টি কালভার্ট রয়েছে। নিশ্চন্তপুর সড়ক হতে নীতপুর বাজার পর্যন্ত ৬টি কালভার্ট রয়েছে। শিরন্টী ইউনিয়ন পরিষদ হতে ইসলামপুর স্থানীয় বাজার পর্যন্ত ৬টি কালভার্ট রয়েছে। তিলনা ইউনিয়ন পরিষদ হতে চাচার বাজার হয়ে চাঙ্ককুড়ি পর্যন্ত ৭টি কালভার্ট আছে আরও ২টি কালভার্টের প্রয়োজন রয়েছে। খঞ্জনপুর সড়ক হতে মধুইল হয়ে মহিষ ডাঙ্গা ঘাট পর্যন্ত ১৪টি কালভার্ট রয়েছে। গোয়ালা ইউনিয়ন পরিষদ অফিস হতে হাপানিয়া ঘাট হাট পর্যন্ত মোট ৮টি কালভার্ট রয়েছে। গোয়ালা ইউনিয়ন পরিষদ অফিস হতে বাহপুর স্থানীয় বাজার হয়ে খোট্টাপাড়া হাট এবং পিসলডাঙ্গা হাট পর্যন্ত মোট ১২টি কালভার্ট রয়েছে। গোডাউনপাড়া স্থানীয় বাজার হতে তিলনা ইউনিয়ন পরিষদ অফিস পর্যন্ত মোট ৩৫টি কালভার্ট রয়েছে। পাহাড়ীপুকুর স্থানীয় বাজার হতে পাতাড়ী ইউনিয়ন পরিষদ পর্যন্ত মোট ৮টি কালভার্ট রয়েছে। খঞ্জনপুর বাজার হতে শিরন্টী ইউনিয়ন পরিষদ পর্যন্ত মোট ২টি কালভার্ট রয়েছে। সাপাহার ইউনিয়ন পরিষদ হতে গোডাউনপাড়া স্থানীয় বাজার পর্যন্ত মোট ৫টি কালভার্ট রয়েছে। আইহাই ইউনিয়নপরিষদ হতে পাতাড়ী ইউনিয়ন পরিষদের নিকট জামিরতলা পর্যন্ত মোট ৯টি কালভার্ট রয়েছে। সাপাহার বাজার হতে ইসলামপুর স্থানীয় বাজার হয়ে ফুটকৈল পর্যন্ত মোট ৯টি কালভার্ট রয়েছে। উমৈল হাট হতে গোয়ালা ইউনিয়ন পরিষদ পর্যন্ত মোট ৭টি কালভার্ট রয়েছে। সাপাহার ইউনিয়ন পরিষদ হতে সাপাহার বাজার পর্যন্ত মোট ১টি কালভার্ট রয়েছে। বামনপাড়া বপ হতে মধুইল বাজারের নিকট বক্স কালভার্ট পর্যন্ত মোট ৩টি কালভার্ট রয়েছে। মিদাগ্রাম হতে নচনাহার স্থানীয় বাজার পর্যন্ত মোট ৩টি কালভার্ট রয়েছে। তিলনা ইউনিয়ন পরিষদ অফিস হতে মাদা গ্রাম পর্যন্ত মোট ৩টি কালভার্ট রয়েছে। সাপাহার বাজার হতে সাপাহার গ্রাম পর্যন্ত মোট ১টি কালভার্ট রয়েছে। হাপানিয়া ঘাট হতে কৃষ্ণসোদা গ্রামের নিকট ভারত সীমান্ত পর্যন্ত মোট ৩টি কালভার্ট রয়েছে। পিসলডাঙ্গা হাট হতে মীরপুর স্থানীয় বাজার পর্যন্ত মোট ১০টি কালভার্ট রয়েছে। আইহাই ইউনিয়ন পরিষদ হতে আইহাই স্থানীয় বাজার পর্যন্ত মোট ৬টি কালভার্ট রয়েছে। গোয়ালা ইউনিয়ন পরিষদ হতে পাতাড়ী ইউনিয়ন পরিষদ পর্যন্ত মোট ৯টি কালভার্ট আছে আরও ৩টি কালভার্টের প্রয়োজন রয়েছে। শিরন্টী ইউনিয়ন পরিষদ হতে উমৈল হাট হয়ে তাতৈর পর্যন্ত মোট ২টি কালভার্ট রয়েছে। তিলনা ইউনিয়ন পরিষদ হতে বহপুর স্থানীয় বাজার হয়ে বাবুপুর, বাদ দমদমা ও লক্ষীপুর পর্যন্ত মোট ১৭টি কালভার্ট রয়েছে। নিশ্চন্তপুর হাট হতে পিসলডাঙ্গা হাট পর্যন্ত মোট ৬টি কালভার্ট রয়েছে। চকচাহেরা গ্রাম হতে হাপানিয়া হয়ে আলাদীপুর এবং বিরামপুর পর্যন্ত মোট ৫টি কালভার্ট রয়েছে। বাগপারুল স্থানীয় বাজার হতে বড় মির্জাপুর পর্যন্ত মোট ১০টি কালভার্ট রয়েছে। মাঙ্গৈরল গ্রাম হতে আইহাই ইউনিয়ন পরিষদ পর্যন্ত মোট ৫টি কালভার্ট রয়েছে। কল্যাণপুর স্থানীয় বাজার হতে পাহাড়ীপুর দাখিল মাদ্রাসা পর্যন্ত মোট ৩টি কালভার্ট রয়েছে। লালচান্দা গ্রাম হতে ভাটকারা মোড় স্থানীয় বাজার হয়ে ভাটকারা গ্রাম পর্যন্ত মোট ৬টি কালভার্ট আছে আরও ৬টি কালভার্টের প্রয়োজন রয়েছে। হরিপুর স্থানীয় বাজার হতে হরিপুর গ্রাম পর্যন্ত মোট ১টি কালভার্ট রয়েছে। মৈপুর স্থানীয় বাজার হতে রায়পুর গ্রাম হয়ে কোচকরোলিয়া পর্যন্ত মোট ৪টি কালভার্ট রয়েছে। ইসলামপুর স্থানীয় বাজার হতে খেরুন্দা গ্রাম হয়ে ফুটকৈল পর্যন্ত মোট ৩টি কালভার্ট রয়েছে। হরিপুর স্থানীয় বাজার হতে চকগোপাল হাট পর্যন্ত মোট ১৩টি কালভার্ট রয়েছে। নিশ্চন্তপুর হাট হতে মৈপুর স্থানীয় বাজার পর্যন্ত মোট ৪টি কালভার্ট রয়েছে। নিশ্চন্তপুর হাট হতে গোয়ালা স্থানীয় বাজার পর্যন্ত মোট ৯টি কালভার্ট রয়েছে। বাগপারুল স্থানীয় বাজার হতে চুন্দুরিয়া হয়ে হোসাইনডাঙ্গা পর্যন্ত মোট ১টি কালভার্ট রয়েছে ও খঞ্জনপুর বাজার হতে শীতলডাঙ্গা হয়ে ডাঙ্গাপাড়া রাস্তা পর্যন্ত মোট ২টি কালভার্ট রয়েছে।

মহাদেবপুর উপজেলায় সড়ক ও জনপদসহ মোট ২৪টি ব্রীজ রয়েছে। উপজেলায় স্থানীয় সরকার কতৃক নির্মিত ৫৪৯টি কালভার্ট রয়েছে।

মান্দা উপজেলায় সড়ক ও জনপদের ৪৮৬টি ব্রীজ ও কালভার্ট রয়েছে। মান্দা উপজেলার জলচত্বর সড়ক হতে পাঞ্জর ভাঙ্গা বাজার পর্যন্ত ২০ টি কালভার্ট রয়েছে। দেলুয়াবাড়ি বাজার হতে চৌবাড়িয়া বাজার পর্যন্ত ৬টি কালভার্ট রয়েছে। প্রসাদপুর বাজার

হতে দেলুয়াবাড়ি বাজার পর্যন্ত ৯টি কালভার্ট রয়েছে। দেলাবাড়ি বাজার হতে চক গৌরী পর্যন্ত ১১টি কালভার্ট রয়েছে। সতীহাট বাজার হতে পাঠাকাঁঠা বাজার (মহাদেবপুর) পর্যন্ত ৯টি কালভার্ট রয়েছে। চৌবাড়ি বাজার হতে খারীবাড়ি বাজার (নিয়ামতপুর) পর্যন্ত ৫টি কালভার্ট রয়েছে। সতীহাট বাজার হতে সিংজ্ঞী হাট-খাটকৈর বাজার পর্যন্ত ৬টি কালভার্ট রয়েছে। কালিকাপুর সড়ক হতে কালামারাঘাট –বত্তোলী বাজার (নিয়ামতপুর) পর্যন্ত ৮টি কালভার্ট রয়েছে। হাজীগোবিন্দপুর সড়ক হতে চেরাগপুর-বত্তোলী বাজার পর্যন্ত ১৭ টি কালভার্ট রয়েছে। নীলকুঠী সড়ক হতে গোটগাড়ী হাট-জোতবাজার-দামনাশ বাজারে আরও একটি কালভার্ট তৈরী করতে হবে।

ধামুইরহাট উপজেলায় ৪৫৯ টি ব্রীজ ও কালভার্ট রয়েছে। এছাড়াও বেশকিছু ব্রীজ ও কালভার্ট নির্মানাধীন রয়েছে যার মধ্যে আগ্রাদ্বিগুন রাস্তায় আত্রাই নদীর উপর ৪০০.২৫ মিটার ব্রীজ, ইসবপুরে গোবরচাঁপা রাস্তায় ছোট যমুনা নদীর উপর ৯৯.১০ মিটার ব্রীজ, রামরামপুর নানাইস প্রাইমারি স্কুল রাস্তায় শ্রীনদীর উপরে ৪৫ মিটার ব্রীজ, রসুলবিল পল্লীতলা রাস্তায় রসুলবিল খালের উপরে ২০ মিটার ব্রীজ ও জাহানপুর আরানগর রাস্তায় ঘুপসী খালের উপর ৭৬ মিটার ব্রীজ বিশেষভাবে উল্লেখযোগ্য।

রাস্তা

নওগাঁ জেলায় মোট ৫৮৩১.৩২ **কি.মি. রাস্তা রয়েছে।**

টেবিল ১.৩: জেলার রাস্তার তথ্য

উপজেলার নাম ও জি ও কোড	প্রকার	রাস্তার সংখ্যা	পাকা	কাঁচা	দৈর্ঘ্য (কি.মি.)
আত্রাই (৩)	**উপজেলা রোড**	**১৩**	৪৪.৮৮	৬১.৬৭	**১০৬.৫৫**
	ইউনিয়ন রোড	**১৭**	২৬.১৩	৬৩.৮৭	**৯০.০০**
	ভিলেজ রোড এ	**২১**	২.৪	৬১.৬৩	**৬৪.০৩**
	ভিলেজ রোড বি	**২৪**	১.১	৩২.৬৩	**৩৩.৭৩**
বদলগাছি (০৬)	**উপজেলা রোড**	**১২**	৭৫.২৯	১৯.৯৫	**৯৫.২৪**
	ইউনিয়ন রোড	**১৯**	৪২.৩৬	৬০.২২	**১০২.৫৮**
	ভিলেজ রোড এ	**৫৭**	৩৩.০৮	১০৫.১৬	**১৩৮.২৪**
	ভিলেজ রোড বি	**৪৯**	৩.৩৬	৫৭.৩৩	**৩৯৬.৭৫**
ধামইরহাট (২৮)	**উপজেলা রোড**	**৮**	৫৬	১২.৩২	**৬৮.৩২**
	ইউনিয়ন রোড	**২৩**	৪৬.৬৮	১১৪.৩৭	**১৬১.০৬**
	ভিলেজ রোড এ	**৩৭**	১০.৩৮	১০৪.০৪	**১১৪.৪৩**
	ভিলেজ রোড বি	**৮১**	১.৬	১১০.৮২	**১১২.৪২**
মান্দা (৪৭)	**উপজেলা রোড**	**১৮**	১২৮.৩৮	৫৭.৭৮	**১৮৬.১৫**
	ইউনিয়ন রোড	**৩৪**	৭৬.২৫	১০১.৮	**১৭৮.০৫**
	ভিলেজ রোড এ	**৮১**	১৬.৪৮	২২০.৮৫	**২৩৭.৩৩**
	ভিলেজ রোড বি	**৭৪**	১.২৫	১৪৯.০৫	**১৫০.৩**
মহাদেবপুর (৫০)	**উপজেলা রোড**	**১৯**	১৩৫.১৪	৬৩.৭৫	**১৯৮.৮৯**
	ইউনিয়ন রোড	**২২**	৪৬.৬৬	৯২.২২	**১৩৮.৮৯**
	ভিলেজ রোড এ	**১০০**	৩০.৭৮	১৭৭.৪৫	**২০৮.২৩**
	ভিলেজ রোড বি	**৭৬**	৮.০৫	১০৪.১২	**১১২.১৭**
নওগাঁ সদর (৬০)	**উপজেলা রোড**	**১৪**	৮২.৫৩	১৩.৮৭	**৯৬.৪**
	ইউনিয়ন রোড	**২১**	৫৫.৩৫	৪৮.৭৯	**১০৪.১৪**
	ভিলেজ রোড এ	**৯৯**	৪০.৮৯	২১২.৩৫	**২৫৩.২৪**
	ভিলেজ রোড বি	**৫২**	১.৩৮	৮৩.২৬	**৮৫.০৯**
নিয়ামতপুর (৬৯)	**উপজেলা রোড**	**১৬**	১৩১.০৪	৫৩.০৫	**১৮৪.০৯**

উপজেলার নাম ও জি ও কোড	প্রকার	রাস্তার সংখ্যা	পাকা	কাঁচা	দৈর্ঘ্য (কি.মি.)
	ইউনিয়ন রোড	১০	২৬.১৬	৮১.৩৪	১০৭.৫
	ভিলেজ রোড এ	৪১	৯.৮৮	১৫১.৩১	১৬১.১৯
	ভিলেজ রোড বি	৬৮	২.৪	১৬০.৩৩	২৬২.৭৩
পত্নীতলা (৭৫)	উপজেলা রোড	১৪	২.৮	৩৩.০২	৯৮.৬
	ইউনিয়ন রোড	১৭	৬৫.৫৮	৯১.৬৩	১৪৫.৯১
	ভিলেজ রোড এ	৭৯	৫৪.২৮	১৫৫.২১	১৮৩.৯২
	ভিলেজ রোড বি	৪৪	১.৪৮	৫৮.৯৬	৬০.৪৪
পোরশা (৭৯)	উপজেলা রোড	১০	৫২.০৩	২০.২৮	৭২.৩১
	ইউনিয়ন রোড	৯	২৪.৭৩	৩১.৪৭	৫৬.২
	ভিলেজ রোড এ	৩৯	৮.২২	১০২.৭৭	১১০.৯৯
	ভিলেজ রোড বি	৮১	১.৯৩	১৬৮.৭৯	১৭০.৭২
রাণীনগর (৮৫)	উপজেলা রোড	১৩	৯১.০৫	১৬.৫৫	১০৭.৬
	ইউনিয়ন রোড	১৩	২৩.৬৬	৪৩.৮৮	৬৭.৫৪
	ভিলেজ রোড এ	৪০	১৩.২৯	৮৪.৫১	৯৭.৮
	ভিলেজ রোড বি	৮৩	৭.৫২	১২০.১৩	১২৭.৬৫
সাপাহার (৮৬)	উপজেলা রোড	৮	৫২.৩১	২৯.২১	৮১.৫২
	ইউনিয়ন রোড	১৩	২৩.৩৪	৫১.০২	৭৪.৩৬
	ভিলেজ রোড এ	২৪	১০.২৫	৭০.৬	৮০.৮৫
	ভিলেজ রোড বি	৭১	১.২৫	১১৪.৯২	১৪৭.১৭
	মোট		১৫৬৯.৬	৩৭৬৮.২৮	৫৮৩১.৩২

তথ্যসূত্র: এলজিইডি, ২০১৪

সেচ ব্যবস্থা

নওগাঁ মূলত কৃষি সমৃদ্ধ জেলা। কৃষিই এই জেলার অর্থনৈতিক কর্মকান্ডের মূল চাবিকাঠি। কাটারী ভোগ, কালাজিরা চাল সহ উন্নত মানের চালের জন্য এই জেলা বিশেষভাবে পরিচিত। এছাড়াও ধানচাষ নির্ভর এই জেলা দেশের সিংহভাগ চালের যোগান দেয়। কৃষি কাজের জন্য সেচ ব্যবস্থার প্রয়োজন। সেচ ব্যবস্থার জন্য এ জেলায় ৩৭১৬টি গভীর নলকূপ, ৬৮৮১৮ টি অগভীর নলকূপ, ৩০২১ টি শক্তি চালিত পাম্প এবং ৮৫৫ টি অন্যান্য ব্যবস্থা রয়েছে। সেচের আওতাধীন রয়েছে ২১২৪৫৬ হেক্টর জমি।

টেবিল ১.৪: উপজেলা ভিত্তিক নেচ ব্যবস্থা

উপজেলার নাম	গভীর নলকূপ	অগভীর নলকূপ
আত্রাই (৩)	১৭৬	৫১১৭
বদলগাছি (০৬)	২৯০	৬১৮০
ধামইরহাট (২৮)	৩৫৮	১১৬৩০
মান্দা (৪৭)	৪৪৯	৬২১০
মহাদেবপুর (৫০)	৫১৬	৮৬২০
নওগাঁ সদর (৬০)	৩৯৩	৩৯৯৪
নিয়ামতপুর (৬৯)	২৮৬	৪২৭৫
পত্নীতলা (৭৫)	৪৪৫	১১৪১৬
পোরশা (৭৯)	১১৬	৪৬৩২
রাণীনগর (৮৫)	৩৬৪	৫৪৮১
সাপাহার (৮৬)	৩২৩	১২৭০

মোট	৩৭১৬	৬৮৮১৮

তথ্যসূত্র: বি.এম. ডি. এ, নওগাঁ, ২০১৪

হাটবাজার

শিল্প-কারখানার সমৃদ্ধি অর্থনৈতিক উন্নতির অন্যতম প্রধান শর্ত। শিল্প-কারখানার সমৃদ্ধির উপর ভিত্তি করে গড়ে ওঠে অর্থনৈতিক কাঠামো। নওগাঁ মূলত কৃষি সমৃদ্ধ জেলা। সেজন্য এ জেলাতে যেসব শিল্প কারখানা গড়ে উঠেছে তার অধিকাংশই কৃষিভিত্তিক। কৃষিই এই জেলার অর্থনৈতিক কর্মকান্ডের মূল চাবিকাঠি। কাটারী ভোগ, কালাজিরা চাল সহ উন্নত মানের চালের জন্য এই জেলা বিশেষভাবে পরিচিত। এছাড়াও ধানচাষ নির্ভর এই জেলা দেশের সিংহভাগ চালের যোগান দেয়। ধান এই জেলার প্রধান কৃষি পণ্য হওয়ায় এই জেলায় শিল্প ও কলকারখানা বলতে প্রায় ২০০০ এর মত চালকল আছে যার মধ্যে প্রায় ১০০টির মত অটোমেটিক ও সেমি-অটোমেটিক চাউল কল; বাকি সবগুলো চাতাল নির্ভর চাল কল। এই পণ্য বিক্রয় ও বিপননের জন্য রয়েছে ২৩০ টি হাট বাজার। নিচে হাটবাজারের তথ্য প্রদান করা হল।

টেবিল ১.৫: উপজেলা ভিত্তিক হাটবাজার

হাটবাজারের অবস্থান	হাটবাজারের নাম
আগ্রাদ্বিগুন উপজেলা	ধামইরহাট
রাণীনগর উপজেলা	আবাদপুকুর হাট, ত্রিমোহনী হাট, বেতগাড়ী হাট, রাণীনগর কালিবাড়ীহাট
আত্রাই উপজেলা	আহসানগঞ্জ হাট, পতিসর হাট, বান্দাইখাড়া, ভবানীপুর হাট এন্ড বাজার, সমসপাড়া হাট
ধামইরহাট উপজেলা	ইসবপুর, ধামইরহাট হাট, মঙ্গলবাড়ী, রাঙ্গামাটী, হরিতকী ডাঙ্গা
পোরশা উপজেলা	উমইল হাট, গাংগুরিয়া, মশিদপুর, শিশা
নওগাঁ সদর উপজেলা	কাটখৈড় হাট, কীর্ত্তিপুর হাট-বাজার, গোয়ালী হাট, তেতুলিয়া হাট, দুবল হাটী হাট-বাজার, ফতেপুর হাট, মাতাসাগর হাট, সোমবাড়ী হাট, হাপানিয়া হাট-বাজার
বদলগাছী উপজেলা	কোলা, গোরচাঁপা, চাঁদপুর, পাহাড়পুর, বদলগাছী, বালুভরা, ভান্ডারপুর
নিয়ামতপুর উপজেলা	খড়িবাড়ী হাট, ছাতড়া তহঃবাজার, ছাতড়া পশু হাট, বটতলী হাট, রাউতাড়া(গাবতলী)হাট
মান্দা উপজেলা	গোপালপুর হাট, চকগৌরী হাট, চৌবাড়ীয়া হাট, জোকাহাট, জোতবাজার হাট, দেলুয়াবাড়ী হাট, পাজরভাঙ্গা হাট, প্রসাদপুর হাট, সতীহাট বাজার, সাবাইহাট, সুতিহাট
মহাদেবপুর উপজেলা	চকগৌরী, ছাতিয়ানতলী, পাঠাকাটা, মহাদেবপুর, মাতাজী, সরস্বতীপুর
নওগাঁ পৌরসভা উপজেলা	নওগাঁ হাট বাজার, শিবপুর হাট বাজার
নজিপুর পৌরসভা উপজেলা	নজিপুর নতুন হাট মাছের আড়ৎ, নজিপুর নতুন হাট, বাসষ্ট্যান্ড দৈনিক বাজার
পত্নীতলা উপজেলা	মধইল হাট ও দৈনিক বাজার, শিবপুর হাট ও দৈনিক বাজার
সাপাহার উপজেলা	মীড়াপাড়া দীঘির হাট, সাপাহার হাট-বাজার

তথ্যসূত্র: জেলা তথ্য বাতায়ন, ২০১৪

১.৪.২ সামাজিক সম্পদ

ঘরবাড়ি

বরেন্দ্র অঞ্চলের আওতায় হওয়ায় এ উপজেলার মাটির প্রকৃতি আঠালো, শক্ত ও লাল বর্ণের হয় যার পরিপ্রেক্ষিতে প্রাচীনকাল থেকে মাটির দ্বীতল ঘরবাড়ি তৈরি হয়ে আসছে। আদিবাসিদের দর্শণ ও কৌশলগত কারনে এ উপজেলার ঘরবাড়ির কাঠামোগত ভীন্নতা রয়েছে সমতল ভূমি অপেক্ষা। উৎপাদিত শষ্য সংরক্ষণের জন্য এবং অধিক চরমভাবাপন্ন আবহাওয়া থেকে রক্ষা পেতে ঘরবাড়িগুলোর কাঠামো এভাবে তৈরি করা হয়েছিল। বরেন্দ্র এলাকার ঘরবাড়ি সাধারনত লাল মাটি, টালি, গাছ, টিন, বাঁশ, ইট প্রভৃতি ব্যবহার করে নির্মাণ করা হয়। এ জেলায় ঘরবাড়ির মধ্যে ৫.৩%পাকা, ২১.৯% আধা পাকা, ৬৯.২% কাঁচা এবং ৩.৬% ঝুপড়ি রয়েছে।

পানি

নওগাঁ জেলার ৩.২% লোকজন সাপ্লাইয়ের পানির সুবিধা ভোগ করে এবং ৮৯.৮% মানুষ নলকূপের পানি দিয়ে সুপেয় পানির চাহিদা পুরণ করে। এছাড়া বাকি ৭% মানুষ অন্যান্য উপায়ে প্রয়োজনীয় পানির চাহিদা পূরণ করে। নওগাঁ জেলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বিশুদ্ধ পানি সরবরাহ কার্যক্রমপরিচালনা করে থাকে যা নিচে উল্লেখ করা হল।

- পৌরসভা পর্যায়ে পৌর এলাকার জনগনের বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষে পৌর এলাকায় প্রয়োজন অনুযায়ী উৎপাদক নলকুপ, ওভারহেডেড ট্যাংক, আয়রন রিমোভাল প্লান্ট, পাইপ লাইন ও অন্যান্য পানির উৎস স্থাপন করা।
- গ্রামীণ জনগনের সূপেয় পানির চাহিদা পুরনের লক্ষ্যে প্রতি বছর এডিপি বরাদ্দ হতে সমগ্র জেলার বিভিন্ন উপজেলায় বিভিন্ন ধরনের পানির উৎস যেমন- গভীর নলকূপ, অগভীর নলকুপ, তারা ও রিংওয়েল স্থাপন করা।
- পাইপ্ড ওয়াটার সাপ্লাই স্কিম বাস্তবায়ন করে গ্রামীণ জনগনের সুপেয় পানির চাহিদা পুরণ করা।
- পানির উৎস সমূহ স্থাপনের পর মেরামত/রক্ষনাবেক্ষনের জন্য উপকারভোগীদের প্রশিক্ষনের ব্যবস্থা করা।
- দপ্তরীয় মেকানিক দ্বারা সাময়িক অচল নলকূপ মেরামত করে সচল করা।
- আঞ্চলিক গবেষনাগার সমূহে নির্দিষ্ট ফি প্রদান সাপেক্ষে নলকূপের পানির আর্সেনিক,ক্লোরাইড, আয়রন, ম্যাঙ্গানিজ, পিএইচ মান, ইলেকট্রিক কন্ডাকটিভিটি ইত্যাদি পরীক্ষা ও বিভিন্ন ধরনের বায়োলজিক্যাল পরীক্ষা করা।
- ফিল্ড কিটস এর মাধ্যমে বিনামূল্যে প্রাথমিকভাবে বিভিন্ন ধরনের পানির উৎসের আর্সেনিক,ক্লোরাইড, আয়রন, ম্যাঙ্গানিজ, পিএইচ মান, ইলেকট্রিক কন্ডাকটিভিটি ইত্যাদি পরীক্ষা করা।
- পানির উৎস সমূহ স্থাপনের বিষয়ে জনসাধারণকে কারিগরী পরামর্শ দেওয়া।

পয়ঃনিস্কাশন ব্যবস্থা

নওগাঁ জেলার নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নের লক্ষে মান সম্মত ল্যাট্রিন নির্মানের জন্য দপ্তরীয় জনবল দ্বারা রিং-স্লাব তৈরী ও সরকার নির্দ্ধারিত/ সুলভ মূল্যে বিক্রয় করে, হত দরিদ্র পরিবারের মধ্যে বিনামূল্যে স্যানিটারী ল্যাট্রিন বিতরন করে, মানসম্মত ল্যাট্রিন সেট নির্মানের জন্য ব্যক্তি মালিকানায় স্থাপিত উৎপাদনকারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষনের ব্যবস্থা করে, স্বল্পমূল্যে স্যানিটারী ল্যাট্রিন স্থাপনের কৌশল ও রক্ষনাবেক্ষন বিষয়ে জনগনকে ধারণা দিয়ে থাকে, দপ্তরীয় জনবল দ্বারা জনগনের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা, পরিস্কার পরিচ্ছন্নতা, হাত ধোয়া ইত্যাদি বিষয়ে জনসাধারনকে সচেতন করে। যার ফলে নওগাঁ জেলায় সম্পূর্ন স্বাস্থ্যসম্মত পায়খানা (ওয়াটার সিল্ড) ব্যবহারকারীর সংখ্যা ১৮% এ উন্নীত হয়েছে। এছাড়া নন-ওয়াটার সিল্ড স্যানিটারি পায়খানা ব্যবহারকারী রয়েছে ১৮.৮% ও অস্বাস্থ্যকর পায়খানা ব্যবহারকারী ৩২.৫%। সরকারি নানা উদ্যোগ সত্ত্বেও এখনও ৩০.৭% লোকজন কোন প্রকার স্যনিটেশন ব্যবস্থার আওতাভুক্ত নয়।

এছাড়াও আপদকালীন সময়ে যেমন- বন্যা, ঘূর্নিঝড় আক্রান্ত এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সচল রাখার লক্ষে স্থানীয় প্রশাসনের চাহিদা মোতাবেক জরুরী কাজ করে এবং বন্যা চলাকালীন সময়ে পানি বিশুদ্ধ করন ট্যাবলেট, ফিটকিরি, ব্লিচিং পাউডার ইত্যাদি সরবরাহ করে।

শিক্ষা প্রতিষ্ঠান/ পাঠাগার

নওগাঁ জেলায় ১ টি বিশ্ববিদ্যালয় কলেজ, ৬ টি সরকারী মহাবিদ্যালয়, ৭৪টি বেসরকারী মহাবিদ্যালয়, ২টি বেসরকারী কৃষি কলেজ, ৪টি সরকারী উচ্চ বিদ্যালয়, ৩৭৫টি বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়, ৭৫টি বেসরকারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ৭৯৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৪৮২টি রেজিঃ বেসরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ২৭৭টি মাদ্রাসা যার মধ্যে ৩৩টি ফাজিল, ৪০টি আলিম, ২০২টি দাখিল ও ২ টি কামিল মাদ্রাসা রয়েছে। এছাড়াও কারিগরী শিক্ষার জন্য রয়েছে ১টি সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ৩৮টি এস,এস,সি (ভোকেশনাল) স্কুল, ৪৪ টি এইচ,এস,সি (বি,এম) কলেজ এবং ১টি শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র (পি,টি,আই)। এ উপজেলার শিক্ষার হার ৬২.৫২%যার মধ্যে পুরুষ ৬৬.৪৩% ও মহিলা ৫৮.৬০%।

ধর্মীয় প্রতিষ্ঠান

জেলায় ইসলাম ধর্মালম্বীর সংখ্যা বেশি হলেও হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ও আদিবাসী বাস করে। হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব দূর্গাপূজা। তারা স্বতঃস্ফুর্ত হয়ে নির্বিঘ্নে বিভিন্ন ধর্মীয় উৎসব পালন করে থাকে। পূজা পার্বন উপলক্ষে বিভিন্ন মন্দির প্রাঙ্গানে বা সংলগ্নস্থানে যাত্রা, পালা গান, বাউল গান এবং মাদারের গানের আয়োজন করা হয়। এখানে বহুকাল ধরে বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে ধর্মীয় ও সামাজিক সম্প্রীতির চমৎকার বন্ধন অটুট আছে।
নওগাঁ জেলায় ইসলাম, সনাতন, খ্রীষ্টান, বৌদ্ধ ইত্যাদি ধর্মের মানুষ বাস করে এছাড়াও রয়েছে সাঁওতাল, উরাও, মুন্ডা, সুরিয়া পাহাড়ি, মাহালি, বাঁশফোড়, কুরমি ইত্যাদি উপজাতির বসবাস। এ জেলায় মসজিদ ৪,৫৭০ টি, মন্দির ৫৪২ টি এবং গির্জা ৫৩ টি।

ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাঁহ্)

নওগাঁ জেলায় প্রায় ১৫৮০ টি ঈদগাহ্ রয়েছে। তার মধ্যে সাপাহার উপজেলার আইহাই ইউনিয়নে ১৩টি ঈদগাহ, গোয়ালা ইউনিয়নে ১৫টি ঈদগাহ এর মধ্যে ১টি বন্যার কারনে ডুবে যায়, টিলনা ইউনিয়নে ৩২টি ঈদগাহ, পাতাড়ী ইউনিয়নে ১০ টি ঈদগাহ এর মধ্যে ৫ টি ঈদগাহ বন্যার কারনে ডুবে যায়, সাপাহারে ইউনিয়নে ২৫টি ঈদগাহ ও শিরন্টি ইউনিয়নে ১৬টি ঈদগাহ রয়েছে। মান্দা উপজেলায় ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাঁহ্) ইউনিয়ন ভিত্তিতে ২৬ টি ভারশোঁ, ১২ টি ভালাইন, ১২ টি পরানপুর, ১টি মান্দা, ৩০ টি গনেশপুর, ১৩ টি মৈনাম, ২১ টি প্রসাদপুর, ২৪ টি কুশুম্বা, ১৬ টি তেঁতুলিয়া, ১ টি নুরুল্লাবাদ, ২৫ টি কালিকাপুর, কাশোপাড়া, ১১ টি কশব ১৮ টি ঈদগাঁহ্ রয়েছে বিষ্ণুপুরে। ধামুইরহাট উপজেলায় ছোট বড় ১০৩ টি, মহাদেবপুর উপজেলায় ২৫০টি ও বদলগাছী উপজেলায় ১৭৮ টি ঈদগাঁহ্ রয়েছে। উৎসবের বিশেষ দিনে ছাড়াও জরুরী সময়ে বা দুর্যোগকালীন সময়ে এ স্থান সমূহ ব্যবহার করা হয়ে থাকে। সাধারণত আকস্মিক বন্যা হলে তুলনামূলক উঁচু ঈদগাহ্ আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহার করা যেতে পারে।

স্বাস্থ্য সেবা

নওগাঁ জেলায় আধুনিক স্বাস্থ্যসেবার ব্যবস্থা রয়েছে। এখানে ১ টি আধুনিক সদর হাসপাতাল, ১০টি থানা স্বাস্থ্য কমপ্লেক্স, ৪০ টি ইউনিয়ন সাব সেন্টার, ৬১ টি পরিবার কল্যাণ কেন্দ্র (এফডব্লিউসি) এবং ২টি এম.সি. ডব্লিউ. সি রয়েছে।

এছাড়াও নির্বাহী প্রকৌশলীর কার্যালয় (জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নওগাঁ জেলা) নিম্নোক্ত কাজগুলো করে থাকে-

ক) সুপেয় পানি সরবরাহ
খ) স্যানিটেশন কার্যক্রম
গ) পরিস্কার পরিচ্ছন্নতা ও স্বাস্থ্য বিষয়ক পরিচর্যা, হাত ধোয়া ইত্যাদি বিষয় সংক্ষিপ্ত/পরামর্শ প্রদান
ঘ) বন্যা, খরা ইত্যাদি জরুরী অবস্থা মোকাবেলা।

ব্যাংক

নওগাঁ জেলার ব্যাংকসমূহ হল বাংলাদেশ কৃষি ব্যাংক, জনতা ব্যাংক, সোনালী ব্যাংক, অগ্রনী ব্যাংক, গ্রামীন ব্যাংক, ইসলামি ব্যাংক, মার্কেন্টাইল ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও ব্র্যাক ব্যাংক। এছাড়াও অন্যান্য স্থানীয় আর্থিক সংস্থাসমূহের মধ্যে রয়েছে (যারা ক্ষুদ্রঋণ কার্যক্রম করছে) গ্রামীন ব্যাংক, প্রগতি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃও কো-অপারেটিভ মাল্টিপারপাস সোসাইটি লিঃ ইত্যাদি। তবে বর্তমানে মোবাইল ব্যাংকিং এর জনপ্রিয়তার কারনে অধিকাংশ জনসাধারণ ছোট খাটো লেনদেনের ক্ষেতে মোবাইল ব্যাংকিংকে বেছে নিয়েছে। উপজেলায় প্রায় ২৩৭ জন বিকাশ, ডিবিবিএল সহ বিভিন্ন মোবাইল ব্যাংকিং এর ডিলার সহ ১০২ টি পূর্নাঙ্গ ব্যাংক রয়েছে।

পোস্ট অফিস

নওগাঁ জেলায় ১১টি প্রধান ডাকঘরসহ প্রায় ১৬৫টি শাখা ডাকঘর রয়েছে।

ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্র

নওগাঁ জেলায় প্রায় ৭৪৫টি ক্লাব ও সাংস্কৃতিক কেন্দ্র রয়েছে। তার মধ্যে ৩০৩টি ক্লাব ও ১৮ টি কমিউনিটি সেন্টার রয়েছে।

এন জি ও/ স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ

নওগাঁ জেলায় এনজিও ও স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ রয়েছে ৫৪টি তার মধ্যে মধ্যে রয়েছে কারিতাস, প্রশিকা, ব্রাক, এসোড, আশা, পার্টনার, টি এম এস এস, রিক, সামন্তিলমিশন, নওগাঁ মানবিক উন্নয়ন সংস্থা, সুশীলন, আলোহা সোসাল সার্ভিস বাংলাদেশ, বি, এন, ই, এল, সি-ডি এফ-আই সি, সি, বি এডুকেশন পোগ্রাম, বাংলাদেশ লুথারেন মিশল-ফিন্নিশ্, বরেন্দ্রভূমি সমাজ উন্নয়ন সংস্থা, টালিথাকুমি, পল্লীশ্রী, জাকস ফাউন্ডেশন, জয়পুরহাট রুরাল ডেভলপমেন্ট মুভমেন্ট, বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি, চকনিরখীন চাইল্ড ডেভোলপ্মেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বেডো, ঘাসফুল, সুপথ, ঠাঙ্গামারা, আশ্রয়, আশা, গ্রামীণব্যাংক, ব্র্যাক, ভার্ক, CCDB, সিসিডিএ, এসোড, গ্রাম উন্নয়ন সমবায় সমিতি, পপি ই, দাবী, মৌসুমী, ব্যুরো বাংলাদেশ, দাবী (মৌলিক), রংধনু, মৌসুমি, আত্রাই বহুমুখী সমাজ উন্নয়ন সংস্থা, প্রত্যাশা, ন্যানো, পূর্ণিমা, আইএসডিসিএম, বিত্তহীন মহিলা সমিতি, দুঃস্থ মহিলা উন্নয়ন সংস্থা, আর্থ সামাজিক উন্নয়ন সংস্থা, আলো, বদলগাছি মানব কল্যান সংস্থা, প্রযুক্তী পীঠ, গ্রামীন শক্তি, সিসিডিপি, পিকেএসএফ, পল্লী উন্নয়নসংস্থা প্রভৃতি।

খেলার মাঠ

বদলগাছী উপজেলায় ৩১টি খেলার মাঠ ও ১টি স্টেডিয়াম রয়েছে। সাপাহার উপজেলায় ১২টি খেলার মাঠ রয়েছে যার মধ্যে ৫টি রয়েছে দুর্যোগ পূর্ন। মহাদেবপুর উপজেলায় ৫৫টি, ধামুইরহাট উপজেলায় ৩০ টি, মান্দা উপজেলায় ১৪৬টি খেলার মাঠ রয়েছে। যার মধ্যে কালিকাপুর, কালিতলা, ভাঁরশো, প্রসাদপুর প্রভৃতি মাঠ তুলনামূলক উচু এবং বড়। এ মাঠগুলো সাধারণত খেলাধুলা, গনজমায়েত বা মেলার জন্য ব্যবহৃত হয়ে থাকে। তবে দুর্যোগের সময়ে এ মাঠগুলো আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহার হয়ে থাকে।

কবরস্থান / শ্মশানঘাট

যে কোন দুর্যোগ বা স্বাভাবিক সময়ে মৃত ব্যক্তি সৎকারের জন্য ধর্মীয়রীতি অনুসারে এ কবরস্থান বা শ্মশানঘাট ব্যবহৃত হয়ে থাকে। সাপাহার উপজেলায় ২৩টি শ্মশানঘাট রয়েছে তার মধ্যে ২টি ডুবে যায়। মহাদেবপুর উপজেলায় ১০৫টি কবরস্থান ও ২৫টি শ্মাশানঘাট রয়েছে। ধামুইরহাট উপজেলায় ৯৬ টি কবর ও ২২টি শ্মশানঘাট রয়েছে। বদলগাছী উপজেলায় ১৩৯৯ টি (সরকারি ও বেসরকারি মিলিয়ে) কবর ও ৩৪ টি শ্মশানঘাট রয়েছে।

যোগাযোগ ও পরিবহনের মাধ্যম

রেলপথ, বাংলাদেশের দ্বিতীয় সর্ববৃহৎ রেলস্টেশন সান্তাহার নওগাঁ জেলায় অবস্থিত। ঢাকাসহ দেশের বিভিন্ন অংশ থেকে ট্রেনযোগে সান্তাহার স্টেশনে পৌঁছান যায়। সড়কপথ, নওগাঁ জেলায় অবস্থিত নওগাঁ বাসস্ট্যান্ড থেকে বাসযোগে ঢাকাসহ দেশের প্রায় সর্বত্র যাতায়াত করা যায়।

বন ও বনায়ন

বদলগাছী উপজেলায় প্রাকৃতিক বনের পরিমান মাত্র ২৯ হেক্টর যা উপজেলার মোট ভুমির ০.১৪%। তবে এ এলাকায় প্রচুর আম ও লিচু বাগান রয়েছে। সব মিলিয়ে ফল বাগানের পরিমান ৩০৬ হে: যা মোট ভূমির ১.৪৫%। সামাজিক বনায়ন, প্রাকৃতিক বনায়ন ও ব্যক্তি মালিকানাধিন ফল বাগান মিলিয়েও উপজেলায় যে বনের পরিমান রয়েছে তা নিতান্তই অপ্রতুল।

সাপাহার উপজেলায় ১১৭১ একর সামাজিক বনায়ন রয়েছে। এসব বনের প্রধান প্রদান গাছ হলো আকাশমনি, মেহগনি, শিশু, বাবলা ও খয়ের প্রভৃতি। এছাড়াও বরেন্দ্রর আওতায় রয়েছে অনেক ছোট ছোট বাগান। বনায়নের মধ্য দিয়ে এলাকার নারী ও পুরুষ নিজেদের ভাগ্য বদলাতে সক্ষম হয়েছে। এলাকার বিভিন্ন পতিত জমি , সরকারী রাস্তার দু-পাশ, নদী-নালা, খাল বিলের পাড় ও বন বিভাগের নিজস্ব সম্পত্তির উপর রোপনকৃত চারা গাছ সমুহ অংশীদারীত্বের মাধ্যমে রক্ষণা-বেক্ষণ করে নির্ধারিত সময়ে বাগান বিক্রির অংশীদারিত্বের লাখ লাখ টাকা হাতে পেয়ে সুখের স্বপ্ন বাস্তবায়ন করছেন এসব উপকারভোগী নারী পুরুষ। বরেন্দ্র এলাকার পরিবেশের ভারসাম্য রক্ষার পাশাপাশী আর্থ সামাজিক উন্নয়নে এগিয়ে এসেছে অনেক বেকার যুবক। নওগাঁ জেলার বরেন্দ্র এলাকার সাপাহার উপজেলায় অনাবাদি জমিতে বন বিভাগ সামাজিক বনায়ন কার্যক্রম শুর করে ১৯৮২ সাল থেকে। ওই এলাকার প্রায় দেড় হাজার অসহায় অতিদরীদ্র উপকারভোগী নারী পুরুষ বনবিভাগের সাথে সরকারী ভাবে নির্ধারীত অংশীদারিত্ব মুলক দলিল চুক্তির মাধ্যমে চারা গাছ রোপন করে বাগান তৈরী করে আসছে অনাবাদি অসমতল জমি গুলিতে। দেশীয় জাতের ফল,আকাশ মনি, ইউক্যালিপটাস, শিশু, রেইন্ট্রি কদম এবং ঔষুধি জাতের অর্জুন,বয়রা.হর্তকী, নিম ও খয়ের গাছ রোপন করা হয়েছে। এ ছাড়াও প্রাকৃতিক জীব বৈচিত্র রক্ষায় বন বিভাগ এ বছর ব্যপক কর্মসুচী বাস্তবায়ন করে চলেছে। বন্য প্রানী শিকার ও নিধোন প্রতিরোধে আদিবাসী সহ এলাকার সকল স্তরের জনগনের মাঝে ব্যপক সচেতনতা সৃষ্টির জন্য বন বিভাগ প্রচারনা অব্যহত রেখেছে। সাপাহার উপজেলায় প্রায় ২৩ শ একর জমিতে সামাজিক বনায়ন গড়ে তোলা হয়েছে। এর মধ্য কয়েক

দফা বাগান কেটে সেখানে পুনরায় গড়েতোলা হয়েছে উডলট ও ফলজ বাগান। সঠিক নজরদারী ও বাগান রক্ষনা বেক্ষনের মাধ্যমে এলাকার নারী পুরুষ বিপুল পরিমান অর্থ লাভ করেন বলে জানালেন সাপাহার ফরেষ্ট রেঞ্জের অফিসার। তিনি বলেন সামাজিক বনায়ন এ অঞ্চলের ভৌগলিক কাঠামো পরিবর্তনে বড় ভুমিকা রাখছে। পুর্বে বরেন্দ্র এলাকায় বৃষ্টিপাত ছিল খুবই নগন্য কিন্ত গত ৮/১০ বছর থেকে সুষম বৃষ্টিপাতের ফলে বরেন্দ্র এলাকায় রোপা আমন আউশ সহ সব ধরনের ফসল চাষাবাদ করছে স্থানীয় কৃষকরা । সাপাহার উপজেলার শিরন্টি গ্রামের উপকারভোগী মোঃ নজরুল ইসলাম, ছাদেকুল ইসলাম, লোকমান আলী ,জাহাঙ্গীরা পাড়ার মোঃ হাবিবুর রহমান জানালেন চলতি মাসের মাঝা মাঝি সময়ে তাদের নামে সামাজিক বনায়নের অংশীদারিত্বের ৫০ লক্ষ টাকা পেয়ে তারা সহ এলাকার ২৭ জন অসহায় পরিবার এখন অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী। তাদের এমন সাফল্য দেখে এলাকার অনেক বেকার যুবক এখন সামাজিক বনায়নের মাধ্যমে দারীদ্র বিমোচনের লক্ষে স্থানীয় বন বিভাগের উপকারভোগী সদস্য হয়ে নতুন করে উডলট বাগান ও রাস্তার পাশে ষ্ট্রীপ বাগানে ফলজ ও বনজ গাছের চারা রোপন করছেন। শিরন্টি বন বিট কর্মকর্তা মোঃ আমজাদ হোসেন জানান বন বিভাগের উপকারভোগী সদস্য বনায়নের প্রায় ৫০ ভাগ অর্থ পেয়ে থাকেন । ইতোমধ্যে সামাজিক বনায়নের মাধ্যমে সাপাহার, পত্নীতলা ও পোরশা উপজেলার অনেক বেকার শিক্ষিত যুবক ৫ থেকে ৭ লাখ টাকা পেয়েছেন। বনায়নের মাধ্যমে অনেকের ভাগ্য পরিবর্তনের এ সব দৃশ্য নিজের চোখে দেখে বিভিন্ন বয়সের মানুষ বনায়নে এগিয়ে আসছে। অদুর ভবিষ্যতে বরেন্দ্র অঞ্চলে এ বনায়ন কর্মসূচী এলাকার আমুল পরিবর্তন এনে দিবে বলে এলাকার অভিজ্ঞমহল মনে করছেন।

মহাদেবপুর ও মান্দা উপজেলায় কোন প্রাকৃতিক বনায়ন নেই। তবে এ এলাকায় বেসরকারী ও ব্যক্তি মালিকানাধীন প্রচুর আম বাগান রয়েছে। এছাড়া বেসরকারী উদ্যোগে সামাজিক বনায়ন রয়েছে। রাস্তা ও নদীর দু'ধার দিয়ে সামাজিক বনায়ন রয়েছে।

ধামুইরহাট উপজেলার মাটির শ্রেণী বিন্যাস অনেকটা মধুপুর গড়ের মত সংকরভিত্তিক দেখা যায়। এ উপজেলায় প্রাকৃতিক বনের পরিমান প্রায় ৭০০ একর। এ এলাকার গাছের মধ্যে আকাশমনি, ইউক্যালিপ্টাস, জারুল, অর্জুন, কদম, জাম ইত্যাদি উল্লেখযোগ্য। এছাড়া এ এলাকায় প্রচুর আম ও লিচু বাগানও রয়েছে। এছাড়াও এ উপজেলার উত্তরে ভারতের সীমান্তবর্তী আলতা দীঘি নামক স্থানে দীঘিকে কেন্দ্র করে বেশ কিছু বনভূমি রয়েছে। নওগাঁ জেলায় সব মিলিয়ে প্রায় ৫৪৯৭ একর বনভূমি রয়েছে।

১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু

বৃষ্টিপাতের ধারা

বৃষ্টিপাত ও ভূমির গঠন প্রকৃতিগত তারতম্য অনুসারে বাংলাদেশের অপরাপর অঞ্চলের সঙ্গে নওগাঁ জেলার আবহাওয়ার পার্থক্য সুক্ষ্ম হলেও অলক্ষণীয় নয়। জেলার অভ্যন্তরেও ভর এবং বরেন্দ্র অঞ্চলের মধ্যে আবহাওয়ার কিছুটা তারতম্য পরিলক্ষিত হয়। ক্রান্তীয় আর্দ্র কৃষি ভূমির অন্তর্গত বাংলাদেশের সর্বত্র ভারত মহাসাগর থেকে প্রবাহিত দক্ষিণ-পশ্চিমী মৌসুমী বায়ু প্রচুর বৃষ্টিপাত ঘটালেও নওগাঁর ব্যাপারে তার কৃপণতা খুব। কেননা সিলেট, চট্টগ্রাম, নোয়াখালীর মতো অঞ্চলসমূহে বৃষ্টিপাতের বার্ষিক গড় যেখানে ১০০(একশ)ইঞ্চির উর্ধ্বে, সেখানে নওগাঁ জেলায় তার পরিমাণ ৪০(চল্লিশ) ৬০(ষাট) ইঞ্চির মধ্যে মাত্র। তার বেশি বৃষ্টি যে কখনোই হয়না তা নয়, তবে সেটা ব্যতিক্রম। অঞ্চল ভেদে আবার এই বৃষ্টিপাতেরও তারতম্য আছে। যেমন জেলার নীতপুর, সাপাহারে বৃষ্টি হয় সবচেয়ে কম এবং রাণীনগর, আত্রাই, নওগাঁয় সবচেয়ে বেশি। ফলে বরেন্দ্র অঞ্চলে অনাবৃষ্টি প্রধান সমস্যা, আর ভর অঞ্চলে প্রধান সমস্যা বন্যা। বন্যা অবশ্য সেখানে নিম্নভূমির কারণেই বেশি হয়। ভূমির গঠন ও বৃষ্টিপাতের তারতম্য অনুসারে খরা মৌসুমে নওগাঁ জেলার উত্তর-পশ্চিমাঞ্চলে মাটি যেমন রূক্ষ, শীতের দাপটও তেমনি তীব্র। মাঘ মাসের হু হু হিমেল বাতাসে মানুষের চামড়ায় টান ধরে, কারোও বা ঠোঁট এবং পায়ের গোড়ালী ও তালু ফেটে রক্ত ঝরে। চৈত্রের খাঁ খাঁ প্রান্তর গ্রীষ্মকালে যেন আগুনের হলকা ছড়ায়, পক্ষান্তরে বিল বা ভর অঞ্চলের মাটি প্রায় সারা বছরই স্যাঁতস্যাতে এবং সেই কারণে কিছুটা অস্বাস্থ্যকরও বটে।

প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জেলায় গত সাত বছরের প্রতি বছরেই ছয় মাস বৃষ্টি শূণ্য অবস্থা বিরাজমান থাকে। জেলার বরেন্দ্র বহুমুখী প্রকল্প ও কৃষি অফিসের কাছ থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে গ্রাফ চিত্র ১.১ এ স্পাইডার বিশ্লেষনে বিগত সাত বছরের তথ্য বিশ্লেষন করে দেখা গেছে সাধারণত অক্টোবর থেকে পরের বছরের এপ্রিল পর্যন্ত কোন বৃষ্টিপাতই হয় না প্রায়। মে মাসে আংশিক বৃষ্টিপাত হয় এবং সাধারণত জুন এবং আগষ্ট মাসে বেশি বৃষ্টিপাত হয়। এছাড়া গ্রাফ চিত্র ১.২ এ সারফেস কন্টুর বিশ্লেষনে দেখা যায় যে গড় বৃষ্টিপাত মাসিক ভিত্তিতে অধিকাংশ সময় ২০০-৪০০ সেমি এর মধ্যে থাকে শুধু মাত্র ২০০৯ এবং ২০০৭ সালে ৪০০-৬০০ সেমি এর মধ্যে বৃষ্টিপাত হয়ে ছিল এবং স্বল্প সময়ের জন্য ৬০০-৮০০ সেমি হয়েছিল যার আর উক্ত সময়ের মধ্যে পুনরাবৃত্তি ঘটেনি। আর বেশি বৃষ্টিপাত হলেও এক বছর পর পর ঘটে থাকে।



গ্রাফ চিত্র ১.১: বিগত সাত বছরের বৃষ্টিপাতের স্পাইডার বিশ্লেষন *তথ্যসূত্র: নওগাঁ বি.এম.ডি.এ, ২০১৪*



গ্রাফ চিত্র ১.২: বিগত সাত বছরের বৃষ্টিপাতের সারফেস কন্টুর বিশ্লেষন *তথ্যসূত্র: নওগাঁ বি.এম.ডি.এ, ২০১৪*

তাপমাত্রা

শীত ও গ্রীষ্মে এই জেলার তাপমাত্রায় যথেষ্ট হ্রাসবৃদ্ধি ঘটে। ১৯৮৪র ডিসেম্বরের শেষভাগে নওগাঁ শহরের তাপমাত্রা যেখানে ৪৪.৬ ডিগ্রী ফারেনহাইটে নেমে আসে সেখানে ১৯৮৫র ১৬ এপ্রিল দিবাভাগে তা ১১১.২ ডিগ্রী ফারেনহাইটে উঠে যায়। কোন কোন বছর শীতকালীন তাপমাত্রা ৪৩ ডিগ্রী ফারেনহাইটে নেমে আসে এবং গ্রীষ্মের তাপমাত্রাও ততোধিক বৃদ্ধি পায়। অবশ্য গ্রীষ্মের দিবাভাগের তুলনায় সচরাচর রাত্রির তাপমাত্রা কিছুটা কম হয়।

সাধারণভাবে বলতে গেলে নওগাঁর আবহাওয়া নাতিশীতোষ্ণ। দক্ষিণ বিভাগ বা পূর্ববঙ্গের মত প্রতি বছর এখানে ঝড় বাদলের তান্ডব নেই। তবে শীতকালে ঘন কুয়াশায় এবং চৈত্র বৈশাখে ধূলি ঝড়ে মাঝে মাঝে চারিদিক সমাচ্ছন্ন হয়ে যায়। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, রাজশাহী এর তথ্য মতে গ্রাফ চিত্র ১.৩ এ সারফেস কন্টুর বিশ্লেষনে গত ত্রিশ বছরের তাপমাত্রা বিশ্লেষন করে দেখা যায় যে সর্বোচ্চ তাপমাত্রা (গ্রাফচিত্রের নিচে চিকন লাইন) গড়ে ৩০-৪০ ডিগ্রী এর মধ্যে থাকে। তবে বিগত বছরগুলোতে তাপমাত্রা ২-৩ বছর পর পর সর্বোচ্চ বা সর্বনিম্ন হয়েছে। বিশ্লেষন থেকে আরও পরিলক্ষিত হয় যে শেষ ছয় বছরে জলবায়ু পরিবর্তনের প্রভাবে গড় তাপমাত্রা ২ ডিগ্রী বৃদ্ধি পেয়েছে। এভাবে গড় তাপমাত্রা বাড়তে থাকলে উপজেলার জীব বৈচিত্রের উপর বিরুপ প্রভাব পড়বে।

গ্রাফ চিত্র: ১.৩: বিগত ত্রিশ বছরের তাপমাত্রার সারফেস কন্টুর বিশ্লেষন ***তথ্যসূত্র: আবহাওয়া অধিদপ্তর, রাজশাহী***

ভূ-গর্ভস্থ পানির স্তর

নওগাঁ জেলার সাপাহার ও মান্দা উপজেলায় পানির স্তরের তীব্রতর সংকট দেখা দিয়েছে। তবে মহাদেবপুর ও পোরশা উপজেলায় পানির স্তরের তেমন কোন সমস্যা নেই বললেই চলে। তবে বৃষ্টিপাতের পরিমান কমে যাওয়ায় ও ব্যাপক হারে ইরি উৎপাদনের দরুন প্রতি বছর ৩৭১৬ টি গভীর নলকূপ থেকে পানি উত্তলনের ফলে ধীরে ধীরে স্তর নেমে যাচ্ছে। গ্রীস্ম কালে অধিকাংশ অগভীর নলকূপ থেকে পানি উত্তলন সম্ভব হয় না।

১.৪.৪ অন্যান্য

ভূমি ও ভূমির ব্যবহার

নওগাঁ জেলার ভূ-প্রকৃতি প্রধানত দোঁয়াশ ও বরেন্দ্র। এ জেলায় মোট জমির পরিমাণ ৩, ৫০,৬৫১ হেঃ যার মধ্যে ২, ৭৩,৮৩২ হেঃ আবাদী জমি, ৪৪,৪৮৬ হেঃ এক ফসলী জমি, ১, ৬৩,৮৯৩ হেঃ দো- ফসলী জমি, ৬১,২০৫ হেঃ তিন ফসলী জমি, ২,৮৩৩ হেঃ আবাদযোগ্য পতিত জমি, ২, ১২,৪৫৬ হেঃ সেচের আওতাধীন জমি রয়েছে।

কৃষি ও খাদ্য

শিল্প-কারখানার সমৃদ্ধি অর্থনৈতিক উন্নতির অন্যতম প্রধান শর্ত। শিল্প-কারখানার সমৃদ্ধির উপর ভিত্তি করে গড়ে ওঠে অর্থনৈতিক কাঠামো। নওগাঁ মূলত কৃষি সমৃদ্ধ জেলা। সেজন্য এ জেলাতে যেসব শিল্প কারখানা গড়ে উঠেছে তার অধিকাংশই কৃষিভিত্তিক। কৃষিই এই জেলার অর্থনৈতিক কর্মকান্ডের মূল চাবিকাঠি। কাটারী ভোগ, কালাজিরা চাল সহ উন্নত মানের চালের জন্য এই জেলা বিশেষভাবে পরিচিত। এছাড়াও ধানচাষ নির্ভর এই জেলা দেশের সিংহভাগ চালের যোগান দেয়। ধান এই জেলার প্রধান কৃষি পণ্য হওয়ায় এই জেলায় শিল্প ও কলকারখানা বলতে প্রায় ২০০০ এর মত চালকল আছে যার মধ্যে প্রায় ১০০টির মত অটোমেটিক ও সেমি-অটোমেটিক চাউল কল; বাকী সবগুলো চাতাল নির্ভর চাউল কল। কৃষিজাত খাদ্যঃ ইরি, বোরো, রোপা

আমন, ইক্ষু, ভুট্রা, আলু, সরিষা,গম, আম, কলা ইত্যাদি। এ জেলায় এল,এস, ডি - এর সংখ্যা ১৯ টি যার মোট ধারণ ক্ষমতা ৩৪,২৫০ মেঃ টন।

নদী

নওগাঁ জেলার মধ্য দিয়ে বেশ কয়েকটি নদ-নদী প্রবাহিত। সব কয়টির উৎসমূলে রয়েছে হিমালয়ের সিকিম অঞ্চল হতে নেমে আসা তিস্তা নদী। 'তিস্তা বা ত্রি-স্রোতা উত্তরবঙ্গের গুরুত্বপূর্ণ নদী। হিমালয়ে তার জন্ম। বাংলাদেশে প্রবেশ করেছে দার্জিলিং, জলপাইগুড়ির ভিতর দিয়ে। জলপাইগুড়ি থেকে তিস্তা তিনভাগে ভাগ হয়ে সোজা দক্ষিণে প্রবাহিত হয়েছে। দক্ষিণবাহী এবং পূর্বতম প্রবাহের নাম করতোয়া, দক্ষিণবাহী এবং পশ্চিমতম ধারার নাম পুনর্ভবা বা পূর্ণভবা। মধ্যবর্তী ধারার নাম আত্রাই।' (অজয় রায় বাঙলা ও বাঙালী, পৃঃ ১০)

নওগাঁ জেলার (এবং বাংলাদেশেরও) পশ্চিম সীমান্ত দিয়ে প্রবাহিত পূনর্ভবা, মধ্যবর্তী আত্রাই এবং পূর্বভাগে যমুনা এই জেলার প্রধান নদী। যমুনাও মূলত তিস্তা নদীরই একটি শাখা। নওগাঁ জেলার মধ্য দিয়ে ৬টি নদী প্রবাহিত হয়েছে (তথ্য সূত্র বাংলাদেশের নদ-নদী ২য় সংস্করণ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড) নদীগুলো হল আত্রাই, ছোট যমুনা নদী, তুলশী গঙ্গা নদী, শীব নদী, ফকিরণী নদী ও পুনর্ভবা নদী। এই নদীগুলো সম্পর্কে নিম্নে বর্ননা করা হল

আত্রাই নদী, ভারতের হিমালয় অঞ্চলে উৎপত্তি হয়ে করতোয়া নদী নাম ধারন করে প্রথমে বাংলাদেশের পঞ্চগড় জেলার বুড়িবর্ত এলাকা দিয়ে প্রবেশ করে পুনরায় দিনাজপুর জেলা সদর উপজেলার শংকরপুর ইউনিয়নে এসে আত্রাই নাম ধারণ করে ভারতে প্রবেশ করে, পরবর্তীতে ভারতের মধ্য দিয়ে প্রবাহিত হয়ে পুনরায় নওগাঁ জেলার ধামুরহাট উপজেলার আলমপুর ইউনিয়ন দিয়ে বাংলাদেশে প্রবেশ করে। নওগাঁ জেলার ধামুরহাট, পত্নীতলা, মহাদেবপুর, মান্দা, আত্রাই উপজেলা দিয়ে প্রবাহিত হয়। পরে সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার পোটাজিয়া ইউনিয়নে এসে হুড়াসাগর নদীতে পতিত হয়েছে। এ নদীর মোট দৈর্ঘ্য ২৬৯ (কি.মি.)। ছোট যমুনা নদী, দিনাজপুর জেলার ইছামতি নদী পার্বতীপুর উপজেলার মোমিনপুর ইউনিয়নে ছোট যমুনা নাম ধারণ করে। পরে নওগাঁ জেলার আত্রাই উপজেলার কালিকাপুর ইউনিয়নে আত্রাই নদীতে পতিত হয়েছে। এ নদীর মোট দৈর্ঘ্য ১৯৫ (কি.মি.)। তুলশী গঙ্গা নদী, দিনাজপুর জেলার নওয়াবগঞ্জ উপজেলার শালখুড়িয়া ইউনিয়নের নিম্নভূমি থেকে উৎপত্তি হয়েছে। পরে নওগাঁ জেলার সদর উপজেলার তিলকপুর ইউনিয়নে ছোট যমুনা নদীতে পতিত হয়েছে। এ নদীর মোট দৈর্ঘ্য ১০০ (কি.মি.)। শীব নদী, নওগাঁ জেলার মান্দা উপজেলার ভলাইন ইউনিয়নে আত্রাই নদী থেকে উৎপত্তি হয়েছে। পরে রাজশাহী জেলার পবা উপজেলার নওহাটা পৌরসভায় বার্নাই নদীতে পতিত হয়েছে। এ নদীর মোট দৈর্ঘ্য ৭১ (কি.মি.)। ফকিরণী নদী, নওগাঁ জেলার মান্দা উপজেলার প্রসাদপুর ইউনিয়নে আত্রাই নদী থেকে উৎপত্তি হয়েছে। পরে রাজশাহী জেলার বাগমারা উপজেলার গনিপুর ইউনিয়নে বার্নাই নদীতে পতিত হয়েছে। এ নদীর মোট দৈর্ঘ্য ৩১ (কি.মি.)। পুনর্ভবা নদী, এটি একটি সীমান্ত নদী। দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলার শীবরামপুর ইউনিয়নের নিম্নাঞ্চল থেকে উৎপন্ন হয়ে বিরল উপজেলা দিয়ে ভারতে প্রবেশ করে পুনরায় নওগাঁ জেলার সাপাহার উপজেলা দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। পরে নবাবগঞ্জ জেলার গোমস্তাপুর উপজেলার রহনপুর পৌরসভার নিকট মহানন্দা লোয়ার (নবাবগঞ্জ) নদীতে পতিত হয়েছে। এ নদীর মোট দৈর্ঘ্য ৭১ (কি.মি.)।

পুকুর

নওগাঁ জেলায় মোট ৪৩,৮৬০টি আবাদী পুকুর রয়েছে যার মধ্যে ৪৩,৮৬০টি মৎস্য চাষের আওতাধীন পুকুর (৭,৭০৫টি খাস পুকুর) রয়েছে।

খাল

বদলগাছী উপজেলায় পায়েনারী ভরাট্ট খাল, বলরামপুর, বিলাশবাড়ি (সোনাপাতিল খাড়ি), বড়পিঠকাটা, মথুরাপুর পারসোমবাড়ি, গোসাই গাবনা খাড়ি, ৪২ কি.মি. খাল খনন করা হয়েছে। এলজিইডি, সাপাহার এর তথ্য মতে সাপাহার উপজেলায় মোট খাল রয়েছে ২৫টি যার মোট দৈর্ঘ্য ৯৭.৩২৮ কিমি.। তার মধ্যে দোহার খাড়ি ৬.৫ কিমি.তারা চাঁদ খাড়ি ২.২ কিমি. খনন করেছে এলজিইডি। মহাদেবপুর উপজেলায় মোট খাল ১১টি রয়েছে যার দৈর্ঘ্য ১৮৬.৭৫ কিঃ মিঃ। খালগুলো হল পুঞ্জীখাল (হাতুর), মির্জাপুর খার (হাতুর), দেওয়ানপুর খাল (হাতুর), ভালাইন খাল (উত্তরগ্রাম), কর্ণপুর খাল (উত্তরগ্রাম), বিনোদপুর খার (সফাপুর), সুজাইল খাল (এনায়েতপুর), কালুশহর খাল (এনায়েতপুর), পীরগঞ্জ খাল (এনায়েতপুর), মল্লিকপুর খাল (ভীমপুর) ও বলিহার খাল (চেরাগপুর)। মান্দা উপজেলায় ২টি খাল রয়েছে। প্রথমটি পাঠাকাটা হাট হতে সূর্যনারায়নপুর, কাঞ্চানপুর, সতিহাট হয়ে খলশিকুড়িহাট পর্যন্ত যার দৈর্ঘ্য ২০ কি.মি. এবং দ্বিতীয়টি নূরুল্যাবাদ ইউনিয়নের গোয়ালকান্দা স্লুইচগেট হতে কালিকাপুর, বাদুলাধাওয়া হয়ে গোয়ালকান্দা আনিস সাত্তারের বাড়ি পর্যন্ত যার দৈর্ঘ্য ২ কি.মি.।

বিল

মহাদেবপুর থানার পূর্ব ও পশ্চিমাঞ্চল সাপাহার ও পোরশার উত্তর পশ্চিমাঞ্চল তথা জবই ও রোকনপুরের বিল, মহাদেবপুর থানার পশ্চিমাবর্তী ছাতরার বিল, বিল ঠাকুরমান্দা ও উথরাইলসহ মান্দা থানার দক্ষিণ-পশ্চিম অঞ্চল এবং বিল রক্তদহসহ রাণীনগরের উত্তর-পূর্ব ভাগের কিছু অংশ এবং আত্রাই থানার পূর্ব-দক্ষিণ অঞ্চলের নিম্নাংশ নিয়ে নওগাঁ জেলার বিল অঞ্চল গঠিত। বর্ষাকালসহ বছরের ৪ থেকে ৬ মাস এসব এলাকা জলমগ্ন থাকে। গ্রামগুলো দেখায় বিচ্ছিন্ন দ্বীপের মতো। শুকনা মৌসুমে শক্ত ও রূক্ষ্ম মাটি দেখা যায়।

বরেন্দ্র অঞ্চল

বলা হয়, ইন্দ্রের বরে পূণ্যভূমি-উত্তরবঙ্গের বরেন্দ্রভূমি। বরেন্দ্রভূমির ইতিহাস-প্রসিদ্ধি সুবিদিত। উত্তর বাংলায় প্রাপ্ত পঞ্চম ও ষষ্ট শতাব্দীর গুপ্ত সম্রাটদের রাজত্বকালীন অনেকগুলো তাম্রশাসনে এই অঞ্চলকে পুন্ড্রবর্ধন নামক 'ভূক্তি' বা প্রদেশ বলে উল্লেখ করা হয়েছে। সন্ধ্যাকর নন্দীর রামচরিত রচিত হবার কালে উত্তর বাংলার বরেন্দ্র বা বারেন্দ্রী নাম সুপ্রতিষ্ঠিত হতে থাকে। শরত কুমার রায় বলেন, বরেন্দ্রভূমির পূর্ব সীমায় করতোয়া নদী ও পশ্চিম সীমায় মহানন্দা নদী প্রবাহিতা ছিল।

প্রাচীন বাংলার ইতিহাস ও সংস্কৃতিতে এই বরেন্দ্র অঞ্চলের অসামান্য অবদান রয়েছে। সন্দেহ নেই, ভূমির বিশেষ গঠন বৈশিষ্টই তৎকালে এই অঞ্চলকে বিশেষ গৌরবময় ভূমিকা গ্রহণে আনুকূল্য প্রদান করেছিল।

মধ্যযুগের মুসলমান ঐতিহাসিকগণ সংস্কৃত বরেন্দ্র বা বরেন্দ্রীকে বলতেন বরিন্দ। স্থানীয় ভাষায় এই 'বরিন্দ' এলাকা খিয়ার নামে সমধিক পরিচিত। 'খিয়ার' শব্দের অর্থ ক্ষীরাভ অর্থাৎ ক্ষীরের আভার ন্যায়। খিয়ারে বহুল পরিমাণে চাউল জন্মে এবং তথায় বহুদূর বিস্তৃত বৃক্ষলতাহীন বিশাল প্রান্তর, লালবর্ণের মৃত্তিকা ও অনেক সুবৃহৎ অপরিষ্কার জলাশয় দেখা যায়-অবনীচন্দ্র চট্টোপাধ্যায়।

লবণাক্ততা

নওগাঁ উপজেলার মান্দা সংলগ্ন ইউনিয়ন ও মান্দা উপজেলার কশব ইউনিয়নে ২টি ও কাশোপাড়া ইউনিয়নের আশেপাশে ৫টি টিউবওয়েলে ১০০-১১০ ফুট গভীরের পানিতে লবণাক্ততা দেখা যায়।

আর্সেনিক দুষণ

নওগাঁ জেলার আর্সেনিক প্রবনতা ০-২০%। এ অঞ্চলের আঞ্চলিক গবেষনাগার সমূহে নির্দিষ্ট ফি প্রদান সাপেক্ষে নলকূপের পানির আর্সেনিক,ক্লোরাইড, আয়রন, ম্যাঙ্গানিজ, পিএইচ মান, ইলেকট্রিক কন্ডাকটিভিটি ইত্যাদি পরীক্ষা ও বিভিন্ন ধরনের বায়োলজিক্যাল পরীক্ষা করা হয়। ফিল্ড কিটস্ এর মাধ্যমে বিনামূল্যে প্রাথমিকভাবে বিভিন্ন ধরনের পানির উৎসের আর্সেনিক,ক্লোরাইড, আয়রন, ম্যাঙ্গানিজ, পিএইচ মান, ইলেকট্রিক কন্ডাকটিভিটি ইত্যাদি পরীক্ষা করা হয়।



দ্বিতীয় অধ্যায়
দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা

২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস

নওগাঁ জেলা দুর্যোগ ঝুঁকিসম্পন্ন জেলাগুলোর মধ্যে অন্যতম । প্রতি বছরই কোন না কোন দুর্যোগের সম্মুখীন হয় এই জেলা। খরা, পানির নিম্নস্তর, কালবৈশাখী ঝড়, নদীভাঙ্গন, বন্যা, শৈত্যপ্রবাহ, ঘনকুয়াশা, অনাবৃষ্টি ও পোকার আক্রমণসহ বিভিন্ন আপদ মানুষের স্বাভাবিক জীবনযাত্রা বিপন্ন এবং সম্পদের ব্যাপক ক্ষতি সাধন করে। ভারত থেকে নেমে আসা পাহাড়ী ঢলের পানির চাপে খাল-বিলের মাধ্যমে পানি এসে ছোট যমুনা নদীর দুকুল ভাসিয়ে বন্যার সৃষ্টি করে। নদীর গভীরতা কম যার ফলে শুষ্ক মৌসুমে খরার সৃষ্টি হয়। কালবৈশাখীর কারণে কৃষিজ ফসল ও ঘরবাড়ি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয় এবং অসংখ্য মানুষ আশ্রয়হীন হয়ে পড়ে। নদীভাঙ্গানের কারণে কৃষি ফসল, ঘরবাড়ী, রাস্তাঘাটসহ জনজীবন বিপর্যস্ত হয়ে পড়ে। শৈত্যপ্রবাহ ও ঘন কুয়াশার কারণে শীতকালীন রবিশস্যের ব্যাপক ক্ষতি সাধিত হয়। বৃক্ষনিধন, জনসংখ্যা বৃদ্ধি ও পরিবেশের ভারসাম্যহীনতার কারণে বদলগাছী উপজেলা দুর্যোগ কবলিত হতে পারে। দুর্যোগে ক্ষতির পরিমাণ, ঘটার সময়কাল এবং ক্ষতিগ্রস্ত খাতসমূহ ছক আকারে নিম্নে দেয়া হলো

টেবিল ২.১: দুর্যোগের নাম, বছর, ক্ষতির পরিমান ও খাত।

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমাণ	কোন কোন খাতউপাদানক্ষতিগ্রস্থ হয়/
খরা	১৯৭৬, ১৯৭৯, ১৯৮৯, ১৯৯৯	বেশি	কৃষি, মৎস্য, গবাদিপশু, মানব সম্পদ, গাছপালা
	১৯৯২,১৯৯৬,২০০৪	মাঝারি	কৃষি, মৎস্য,গাছপালা
কালবৈশাখী	১৯৮৮, ১৯৯২, ১৯৯৭	বেশি	কৃষি, মৎস্য, গবাদিপশু, মানব সম্পদ,অবকাঠামো, গাছপালা
	১৯৯৫, ২০০৫	মাঝারি	কৃষি,অবকাঠামো, গাছপালা
নদী ভাঙ্গন	১৯৮৫, ১৯৮৮, ১৯৯৪, ১৯৯৮,২০০০, ২০০৬	বেশি	কৃষি, মৎস্য, গবাদিপশু, মানব সম্পদ, অবকাঠামো, গাছপালা
	১৯৮৭,১৯৯৯, ২০০৪, ২০০৫	মাঝারি	কৃষি,অবকাঠামো, গাছপালা
বন্যা	১৯৮৭, ১৯৮৮, ১৯৯০, ১৯৯২	বেশি	কৃষি, মৎস্য, গবাদিপশু, মানব সম্পদ, অবকাঠামো, গাছপালা
	১৯৯৮, ২০০২, ২০০৩	মাঝারি	কৃষি,অবকাঠামো, গাছপালা

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২.২ আপদসমূহ

নওগাঁ জেলার উপজেলা ও পৌরসভায় বিভিন্ন ক্ষেত্রে ভিন্ন ভিন্ন আপদ প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে ক্ষতি করে থাকে। এর মধ্যে যেমন প্রকৃতি সৃষ্ট আপদ রয়েছে তেমনই মানব সৃষ্ট আপদও রয়েছে। স্থানীয় সাধারণ জনগণের সাথে সাথে গণ্যমান্য ব্যক্তিবর্গের মতামতের উপর ভিত্তি করে সকল আপদের মধ্য থাকে ৬টি আপদ বাছাই করা হয়েছে। এলাকাবাসী মনে করে এই ৬টি আপদের ফলে প্রতিবছর তাদের সর্বাধিক ক্ষয়ক্ষতির সম্মুখীন হতে হছে এবং দিন দিন এর প্রভাব তীব্রতর হচ্ছে। সুতরাং এখন থেকে যদি কালবিলম্ব না করে কার্যকরী পদক্ষেপ নেওয়া না হয় তাহলে ভবিষ্যৎ প্রজন্মকে অমানবিক পরিস্থিতির সম্মুখীন হতে হবে।

টেবিল ২.২ :আপদ ও আপদের চিহ্নিত করণ ও অগ্রাধিকার।

উপজেলার সকল ইউনিয়নের সম্মিলিত আপদ সমূহ		উপজেলার চিহ্নিত আপদ সমূহ ও আপদের অগ্রাধিকার
প্রকৃতি সৃষ্ট আপদ		
১. খরা ২. বন্যা ৩. পানির স্তর ৪. নদীভাঙন ৫. শৈতপ্রবাহ ৬. ঘনকুয়াশা ৭. অনাবৃষ্টি ৮. ঝড় ৯. ফাঁপি ১০. আর্সেনিক	১২. ভূমিকম্প ১৩. লু-হাওয়া ১৪. জলাবদ্ধতা ১৫. অনাবৃষ্টি ১৬. টর্নেডো ১৭. শিলাবৃষ্টি ১৮. বজ্রপাত ১৯. ইঁদূরের আক্রমণ ২০. ফসলে পোকার আক্রমণ	১. পানির স্তর ২. খরা ৩. বন্যা ৪. শৈতপ্রবাহ ৫. ঘনকুয়াশা ৬. নদীভাঙন
মানবসৃষ্ট আপদ		
২১. অগ্নিকান্ড ২২. অপরিকল্পিত অবকাঠামো স্থাপন	২৩. ভূমি দখল ২৪. চালকল থেকে নির্গত ধানের চিটা	

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যৎ চিত্রের বিস্তারিত বর্ননা ৩.

খরা

নওগাঁ জেলায় ফাল্গুন, চৈত্র, বৈশাখ ও জ্যৈষ্ঠ মাসে খরা হয়। দিন দিন খরার তিব্রতা ও স্থায়ীত্ব বৃদ্ধি পাচ্ছে। এই উপজেলায় বিগত কয়েক বছরে আষাঢ় শ্রাবন-মাসেও বৃষ্টি হচ্ছে না। যার ফলে খরায় ক্ষতির পরিমান বৃদ্ধি পাচ্ছে। এ খরার পরিমান দিনের পর দিন বৃদ্ধি পেতে থাকলে অদূর ভবিষ্যতে এ উপজেলায় পরিবেশের বিপর্যয় দেখা দিতে পারে।

নদীভাঙ্গন

নওগাঁ জেলায় লোকদের নিত্য সঙ্গী হলো নদীভাঙ্গন। নদীভাঙ্গন দিনদিন বেড়েই চলেছে। কারণ হিসাবে তারা বলেছে যে নদীর নাব্যতা কমে যাওয়ার ফলে পানি বেশী ফুলে ওঠে আর একারণেই স্রোত ও পানির ধারন ক্ষমতা কমে গিয়ে নদীর পাড়ভাঙ্গাতে থাকে। উপজেলাবাসী জানায় এভাবে চলতে থাকলে আরও বেশী কিছু এলাকা নদী গর্ভে বিলীন হয়ে যাবে এবং মানুষের দুর্দশা বেড়েই চলবে।

বন্যা

নওগাঁ জেলা ব্যাপক মাত্রায় বন্যা কবলিত একটি এলাকা। আষাঢ় মাস হতে কার্তিক মাস পর্যন্ত এ এলাকায় বন্যা অব্যাহত থাকে। যার ফলে এলাকায় কৃষি, মৎস্য, অবকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধন হয়। প্রায় প্রতি বছর বন্যা হলেও ১৯৮৬, ১৯৮৭১৯৮৮, ১৯৯০, ১৯৯২, ১৯৯৫ ,, ১৯৯৮এবং২০০২, ২০০৩ , ২০০৭ সালের বন্যা ছিল সবচেয়ে ভয়াবহ।

শৈত্যপ্রবাহ

নওগাঁ জেলায় প্রতি বছর শীত মৌসুমে ব্যাপক শৈত্যপ্রবাহ হয়। এ উপজেলাটিকে ঘিরে অনেক নদী থাকায় শৈত্যপ্রবাহের ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা যায়। ফলে বর্তমানে আমের মুকুল, লিচুর মুকুল ও মসূরসহ বিভিন্ন ফসল ও জনজীবনে ব্যাপক প্রভাব পড়ছে।

ঘনকুয়াশা

মানবসৃষ্ট বিভিন্ন কারণে ও জলবায়ু বিপর্যয়ের ফলে নওগাঁ জেলাসহ পাশবর্তী এলাকায় বিগত এক দশকে ঘনকুয়াশার প্রকোপ লক্ষ্যণীয় হারে বৃদ্ধি পেয়েছে। সাধারনত অগ্রহায়ণপৌষ, মাঘ ও ফাল্গুন মাসে ঘনকুয়াশার বিস্তার লক্ষ্য করা যায়। এর ফলে , ,কৃষিজ ফসলের ক্ষতি, স্বাস্থ্যহানি সড়ক দুর্ঘটনা বৃদ্ধিসহ জনজীবনের বিভিন্ন ক্ষেত্রে ভয়াবহ প্রভাব ফেলছে। এভাবে প্রতি বছর ঘনকুয়াশার প্রকোপ বাড়তে থাকলে এ উপজেলার মানুষের চরম বিপর্যয় দেখা দিবে।

পানির নিম্নস্তর

নওগাঁ জেলার প্রেক্ষিতে নিম্ন পানির স্তর সবচেয়ে মারাত্মক আপদ যা জনজীবনের প্রতিটি ক্ষেত্রে ভয়াবহ প্রভাব বিস্তার করে এবং খরাকে ত্বরান্বিত করে। জীবনের সবচেয়ে মৌলিক উপাদান পানির জন্য এ উপজেলার মানুষকে নিরন্তর সংগ্রাম করতে হয়। এ আপদ প্রতি বছরই নওগাঁ জেলার প্রতিটি উন্নয়নের খাতকে আক্রান্ত করে। এলাকাবাসী মনে করেন এ আপদ দূরীকরণে অতি দুত সরকারী হস্তক্ষেপ ও বেসরকারী সাহায্য প্রয়োজন।

২ ৪.বিপদাপন্নতা ও সক্ষমতা

বিপদাপন্নতা বলতে বোঝায় বস্তুগত, আর্থ-সামাজিক এবং পরিবেশগত বিদ্যমান অবস্থা, যা দুর্যোগের ক্ষয়ক্ষতির আশংকার ইঙ্গিত দেয় এবং যা মোকাবিলা করায় জনগোষ্ঠী অসমর্থ হয়ে থাকে।

সক্ষমতা হলো প্রাকৃতিক, সামাজিক, অর্থনৈতিক, পরিবেশ ইত্যাদির সমন্বয়ে সৃষ্ঠ সামগ্রিক অবস্থা বা প্রক্রিয়া, যা মানুষ বা কোনো সংস্থা/ প্রতিষ্ঠান তার বিদ্যমান সম্পদের ব্যবহারের মাধ্যমে দুর্যোগের প্রতিকূল অবস্থার সর্বোচ্চ মোকাবিলা করে এবং দুর্যোগের ফলাফলের ভয়াবহতাকে হ্রাস করে।

টেবিল ২.৩: আপদ ভিত্তিক বিপদাপন্নতা ও সক্ষমতা

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
খরা	• খরায় ফসলের ক্ষতি হয় • মানবসম্পদের ক্ষতি হয় • মৎস্যসম্পদের ক্ষতি হয • খাবার পানির অভাব হয় • পশুসম্পদের ক্ষতি হয়	*নওগাঁ* জেলায় - ৩৭১৬ টি গভীর নলকুপ রয়েছে - ১৪ টি স্লুইসগেট রয়েছে - জেলায় মধ্যে ও পাশ দিয়ে ৩ টি নদী বয়ে গেছে
বন্যা	• বন্যায় ফসলের ক্ষতি হয় • কবরস্থান ডুবে যায়। • মানবসম্পদের ক্ষতি হয় • অবকাঠামোর ক্ষতি হয়। • মৎস্যসম্পদের ক্ষতি হয • খাবার পানির অভাব হয় • পশুসম্পদের ক্ষতি হয় • শিশু, গর্ভবতী, প্রতিবন্ধী ও বৃদ্ধরা বেশী ঝুঁকিতে থাকে।	*নওগাঁ* জেলায় -১৬ টি স্থানে বাঁধ রয়েছে - ১৪ টি স্লুইসগেট রয়েছে - ৫৬৬৫টি ব্রিজ-কালভার্ট রয়েছে - ১ টি হাসপাতাল, *জেলা* স্বাস্থ্য কমপ্লেক্স এবং কমিউনিটি ক্লিনিক রয়েছে - ১১টি পশু হাসপাতাল রয়েছে - পর্যাপ্ত কবর স্থান বন্যা লেভেলের উপরে রয়েছে
পানির স্তর	• ফসলের ক্ষতি হয় • মৎস্যসম্পদ ঝুঁকিতে থাকে। • মানবসম্পদের ক্ষতি হয়	*নওগাঁ* জেলায় ৩৭১৬ টি গভীর নলকুপ রয়েছে *নওগাঁ* জেলায় ৪৩৮৬০ টি পুকুর রয়েছে
নদীভাঙন	• নদীভাঙ্গনে কৃষি জমিসহ ফসলের ক্ষতি হয়। • যোগাযোগের কষ্ট হয় • মানবসম্পদের ক্ষতি হয়	*নওগাঁ* জেলায় - ১৬ টি স্থানে বাঁধ রয়েছে

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
	• অবকাঠামোর ক্ষতি হয়। • মৎস্যসম্পদের ক্ষতি হয়। • পশুসম্পদের ক্ষতি হয়।	
শৈতপ্রবাহ	• ফসলের ক্ষতি হয় • পশুসম্পদ ঝুঁকিতে থাকে। • জনজীবনের দূর্ভোগ সৃষ্টি হয়। • শিশু, গর্ভবতী, প্রতিবন্ধি ও বৃদ্ধরা বেশী ঝুঁকিতে থাকে।	• সরকারী সাড়াপ্রদান • এনজিওদের সাড়াপ্রদান
ঘনকুয়াশা	• ফসলের ক্ষতি হয় • যোগাযোগের কষ্ট হয় • মৎস্যসম্পদ ঝুঁকিতে থাকে	

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২সর্বাধিক বিপদাপন্ন এলাকা ৫.

নওগাঁ জেলায় ভৌগোলিক অবস্থানগত কারনে শুষ্ক মৌসুমে পানির অভাব পরিলক্ষিত হয় তাই মাঠ ঘাট শুকিয়ে চৌচির হয়ে যায় আর বিপদাপন্ন হয় এ জেলার সকল জনগোষ্ঠী, প্রাণীকুল, মৎস্য সম্পদ এবং অবকাঠামো। আবার হঠাৎ করে অতিবৃষ্টির কারণে বন্যায় ভেসে যায় কৃষি জমি, গাছপালা, মৎস, প্রাণী এবং অবকাঠামো। আবার কখনওবা নদীভাঙনে গৃহহারা হয় আত্রাই ও যমুনা নদী তীরবর্তী মানুষ। জেলার সব স্থানের বিপদাপন্নতা সমান নয় তাই আপদের ভিত্তিতে সর্বাধিক বিপদাপন্ন এলাকা ,বিপদাপন্নের কারন ও বিপদাপন্ন জনসংখ্যা নিম্নক্ত টেবিলের মাধ্যমে দেওয়া হল:

টেবিল ২.৪ :আপদ ভিত্তিতে সর্বাধিক বিপদাপন্ন এলাকা ,বিপদাপন্নের কারণ ও বিপদাপন্ন জনসংখ্যা।

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
খরা	মহাদেবপুর উপজেলার হাতুর, এনায়েতপুর, খাজুর, চান্দাশ, ভীমপুর, চেরাগপুর, রায়গাঁও, উত্তরগ্রাম ও মহাদেবপুর সদর ইউনিয়নের উত্তর-পূর্বাংশসহ সমগ্র উপজেলা। বদলগাছী উপজেলার বিলাসবাড়ী, কোলা, মথুরাপুর, বদলগাছী ও পাহাড়পুর ইউনিয়নে তুলনামুলকভাবে বেশী খরা হয়। সাপাহার উপজেলার আইহাই, পাতাড়ী, শিরন্টী, গোয়ালার পূর্বাংশ ও সাপাহার সদরের দক্ষীণাংশসহ সমগ্র উপজেলা।	খরার কারনে এখানে প্রচুর কৃষিসম্পদের ক্ষতি হতে পারে।	৪৫০০০-৫৪৯০০ জন (আনুমানিক)
বন্যা	মহাদেবপুর উপজেলার হাতুর, এনায়েতপুর, খাজুর, মহাদেবপুর, চান্দাশ, ভীমপুর ইউনিয়নের কিছু এলাকা ও উত্তরগ্রাম ইউনিয়নের আত্রাই নদীসংলগ্ন এলাকাসমূহ। বদলগাছী উপজেলার ইদরাকপুর, হরেকৃষ্ণপুর, রামসাপুর, হযরতপুর ঘোষপাড়া, কুমারপুরবাঁধ ও বালুহারা সাধুর মোড় এলাকা বেশি বন্যাপ্রবন। সাপাহার উপজেলার **আইহাই, পাতাড়ি, গোয়ালার উত্তরাংশ, শিরন্টির উত্তর-পশ্চিমাংশসহ জবই বিল ও পুনর্ভবা** নদীসংলগ্ন এলাকাসমূহ	বন্যার কারনে এখানে প্রচুর কৃষি জমি নদীগর্ভে পতিত হচ্ছে, কৃষি, মৎস্য, মানব সম্পদের ক্ষতি হতে পারে।	২৫৬৫০-২৭০০০ জন (আনুমানিক)
পানির স্তর	বদলগাছী উপজেলার মথুরাপুর, বদলগাছী ও কোলা ইউনিয়নে পানির স্তর খুবই নিম্ন। সাপাহার উপজেলার **শিরন্টি, গোয়ালা ও তিলনাসহ** সমগ্র উপজেলা।	পানির নিম্নস্তরের কারনে এখানে প্রচুর কৃষি সম্পদের ক্ষতি	৪৫০০০-৫৪০০০ জন (আনুমানিক)

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
		হতে পারে। ফলে কৃষকদের চরম দুর্ভোগ সৃষ্টি হয় এবং খাবার পানির অভাব দেখা দিতে পারে।	
নদীভাঙন	মহাদেবপুর উপজেলার হাতুর, এনায়েতপুর, খাজুর, মহাদেবপুর, চান্দাশ, সফাপুর ও উত্তরগ্রাম ইউনিয়নের আত্রাই নদীসংলগ্ন এলাকাসমূহ বদলগাছী উপজেলার ইদরাকপুর, হরেকৃষ্ণপুর, রামসাপুর, হযরতপুর ঘোষপাড়া, কুমারপুরবাঁধ ও বালুহারা সাধুর মোড় এলাকায় নদীভাঙনের ঝুঁকি বেশি। সাপাহার উপজেলার আইহাই, পাতাড়ি, গোয়ালার উত্তরাংশ, শিরন্টির উত্তর-পশ্চিমাংশসহ জবই বিল ও পুনর্ভবা নদীসংলগ্ন এলাকাসমূহ।	১০ বছর ধরে এই এলাকাগুলোতে নদীভাঙ্গনের কারনে হাজার হাজার একর আবাদি জমি নদীগর্ভে মিশে যাচ্ছে। নিঃস্ব হয়ে যাচ্ছে অনেক মানুষ। এছাড়াও কৃষি, মৎস্য ও মানব সম্পদের ক্ষতি হয়ে থাকে।	১৮০০০-২২৫০০ জন (আনুমানিক)
শৈত্যপ্রবাহ	মহাদেবপুর উপজেলার ভীমপুর, রায়গাঁও, উত্তরগ্রাম, চেরাগপুর ও মহাদেবপুর সদর ইউনিয়নে এবং হাতুর, খাজুর, চান্দাশ, সফাপুর ইউনিয়নের পশ্চিমাংশ, ও এনায়েতপুর ইউনিয়নের উত্তরাংশসহ সমগ্র উপজেলা। বদলগাছী উপজেলার কোলা, আধাইপুর, বিলাসবাড়ী ও পাহাড়পুর ইউনিয়নে শৈত্যপ্রবাহ বেশি দেখা যায়	শৈত্যপ্রবাহের কারণে ফসলের ক্ষতি হতে পারে, পশুসম্পদ ঝুঁকিতে থাকে, জনজীবনের দুর্ভোগ সৃষ্টি হতে পারে, শিশু, গর্ভবতী, প্রতিবন্ধী ও বৃদ্ধরা ঝুঁকিতে থাকে।	৬৩০০০-৬৭৫০০ জন (আনুমানিক)
ঘনকুয়াশা	বদলগাছী উপজেলার কোলা, আধাইপুর, বিলাসবাড়ী ও পাহাড়পুর ইউনিয়নে ঘনকুয়াশা বেশি দেখা যায়। সাপাহার উপজেলার আইহাই, পাতাড়ী, শিরন্টী, গোয়ালার পূর্বাংশ ও সাপাহার সদরের দক্ষীণাংশসহ সমগ্র উপজেলা।	বদলগাছির মধ্যে এই এলাকাগুলোতে সবচেয়ে বেশী আম উৎপাদন হয়। যা ঘনকুয়াশার কারনে উৎপাদন ব্যাহত হতে পারে। এছাড়াও কৃষি ও পশুসম্পদ প্রচুর ঝুঁকিতে থাকে।	২৪৭৫০-২৯২৫০ জন (আনুমানিক)

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২ ৬.উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমুহ

প্রধান খাতসমুহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুঁকিহ্রাসের সাথে সমন্বয়
কৃষি	এ জেলায় মোট জমির পরিমাণ ৩,৫০,৬৫১ হেঃ যার মধ্যে ২,৭৩,৮৩২ হেঃ আবাদী জমি। মোট চাহিদা পূরণ করে প্রচুর ফসল উদ্বৃত থাকে যা নওগাঁ জেলার অর্থনীতির জন্য বিরাট সাফল্য বয়ে আনে। ফলে নতুন চাষীরা উদ্যোগী হয়ে	নওগাঁ জেলায় ৭৫% মানুষ কৃষিকাজের উপর নির্ভরশীল যার মধ্যে দিনমজুর ৩০%, ক্ষুদে কৃষক শ্রেণী ২৫%, মাঝারি কৃষক শ্রেণী ১৫%, বড় কৃষক শ্রেণী ৫%। আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি অনাবৃষ্টি, শৈত্যপ্রবাহ, ঘনকুয়াশা ও খরা হয়, তাহলে কৃষিজ ফসল

প্রধান খাতসমুহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুঁকিহ্রাসের সাথে সমন্বয়
	কৃষিতে এগিয়ে আসবে। তাই নওগাঁ জেলায় কৃষিসম্পদ, উন্নয়ন পরিকল্পনার অন্যতম প্রধান খাত হিসাবে বিবেচিত।	নষ্ট হয়ে কৃষকরা আর্থিক ক্ষতির সম্মুখীন হবে, তাই দুর্যোগ ঝুঁকি হ্রাসের সাথে সমন্বয়ের জন্য নওগাঁ জেলার কৃষিতে আরো আধুনিকায়ন প্রয়োজন। যার ফলে নওগাঁ জেলার কৃষি সম্প্রসারিত হবে যা কিছুটা দুর্যোগ সহায়ক।
মৎস্য	নওগাঁ জেলাতে পুকুর, খাল, বিল, নদী ও জলাভূমি মিলে প্রচুর সংখ্যক জলাশয় মাছ উৎপাদনে সক্ষম। নওগাঁ জেলায় মোট ৪৩,৮৬০টি আবাদী পুকুর রয়েছে যার মধ্যে ৪৩,৮৬০টি মৎস্য চাষের আওতাধীন পুকুর (৭,৭০৫টি খাস পুকুর) যা থেকে উপজেলার মানুষ জীবন-জীবিকাসহ অর্থনৈতিক সাফল্য অর্জন করে। এর মাধ্যমে নতুন মৎস্য চাষীরা উদ্যোগী হয়ে মাছ চাষে এগিয়ে আসবে। ফলে মৎস্য সম্পদ দ্বারা উপজেলায় অনেক উন্নয়ন সম্ভব। তাই নওগাঁ জেলায় মৎস্যসম্পদ, উন্নয়ন পরিকল্পনার অন্যতম প্রধান খাত হিসাবে গণ্য করা যায়।	আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি অতিবৃষ্টি, খরা হয় তাহলে কৃষি ফসল নষ্ট হয়ে কৃষকরা আর্থিক ক্ষতির সম্মুখীন হবে, সেক্ষেত্রে তারা যদি পাশাপাশি মাছ চাষ করে তাহলে কৃষকরা অনেকটাই ক্ষতির হাত থেকে রক্ষা পাবে। তাছাড়া ধান ও মাছের সমন্বিত চাষ করলে, ধান নষ্ট হলেও মাছের উৎপাদন দুর্যোগ মুহূর্তে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় রাখতে সহায়তা করবে। দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য মাছ চাষের কোন বিকল্প নেই। তাই বলা যায় মৎস্যখাত দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।
পশুসম্পদ	২০-২৫ বছর পূর্বে নওগাঁ জেলায় প্রায় প্রতিটি পরিবারে কম বেশি গরু-ছাগল ছিল। বর্তমানে প্রয়োজনীয় চারণভূমি ও গো-খাদ্যের অভাবে পশুসম্পদ অনেক কমে গেছে। বর্তমানে উল্লেখযোগ্য সংখ্যক খামার রয়েছে যা মানুষকে স্বাবলম্বী করে তোলে এবং অর্থনীতিতে ভূমিকা রাখে।	আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি অতিবৃষ্টি, বন্যা হয় তাহলে মৎস্য চাষী ও কৃষকরা অনেকটাই ক্ষতির সম্মুখীন হবে, সেক্ষেত্রে তারা যদি পাশাপাশি পশু পালন করে তাহলে তাৎক্ষণিক আর্থিক ক্ষতির থেকে রক্ষা পাবে। এবং দুর্যোগের মুহূর্তে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় থাকবে। সেজন্য দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য পশুসম্পদের কোন বিকল্প নেই। তাই বলা যায় পশুসম্পদ দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।
স্বাস্থ্য	নওগাঁ জেলায় ১ টি আধুনিক সদর হাসপাতাল, ১০টি থানা স্বাস্থ্য কমপ্লেক্স, ৪০ টি ইউনিয়ন সাব সেন্টার, ৬১ টি পরিবার কল্যাণ কেন্দ্র (এফডব্লিউসি) এবং ২টি এম.সি. ডব্লিউ. সি রয়েছে। এগুলো নওগাঁ জেলার মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরনের মাধ্যমে তাদের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখে।	দুর্যোগের ফলে নওগাঁ জেলায় রোগব্যাধি বৃদ্ধি পায়, এজন্য স্বাস্থ্যসেবার আরো আধুনিকায়ন প্রয়োজন যা দুর্যোগ ঝুঁকিহ্রাসের সাথে যথেষ্ট সমন্বয় সাধন করতে সক্ষম হয়।
জীবিকা	নওগাঁ জেলায় মানুষের জীবিকা ভিন্নরুপ হওয়ায় তাদের অর্থনীতি খুবই সমৃদ্ধশালী। আনুপাতিক হারে এই উপজেলাতে মানুষের অভাব খুবই কম। কারন তারা বেশীরভাগই নির্ভরযোগ্য পেশায় জড়িত। যার ফলে নওগাঁ জেলার মানুষের জীবন জীবিকা অনেক উন্নত।	জলবায়ু পরিবর্তনের প্রভাবে নওগাঁ জেলায় বন্যা, খরা, নদীভাঙ্গন, ঘনকুয়াশা, অতিবৃষ্টি, শিলাবৃষ্টি, অনাবৃষ্টি ইত্যাদি আপদের ফলে দুর্যোগ সংগঠিত হলে কৃষিসম্পদ, মৎস্যসম্পদ, পশুসম্পদ ক্ষতিগ্রস্তসহ মানুষের জীবন জীবিকার উপর ভীষণভাবে প্রভাব পড়ে। কিন্তু মানুষ যদি বিকল্প জীবিকার ব্যবস্থা গ্রহন করে, তাহলে দুর্যোগকালে তাৎক্ষণিক দুর্যোগ মোকাবেলা সম্ভব। এবং দুর্যোগ মুহূর্তে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় থাকবে। তাই দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য বিকল্প জীবিকা ব্যবস্থার কোন বিকল্প নেই। বিকল্প জীবিকা ব্যবস্থা দুর্যোগ ঝুঁকিহ্রাসে

প্রধান খাতসমূহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুঁকিহ্রাসের সাথে সমন্বয়
		যথেষ্ট সমন্বয় সাধন করে।
গাছপালা	নওগাঁ জেলায় আম চাষের জন্য যথেষ্ট সুনাম আছে। এই উপজেলাতে প্রচুর আমবাগান আছে যার ফলে সবুজে ভরা এ অঞ্চলে গাছপালার কোন কমতি নেই। আমগাছ ছাড়াও এখানে প্রচুর আকাশমনি, শিশু, জামরুল, ইউক্যালিপ্টাস, অর্জুন, আকাশিয়া, বাবলা ও বরই গাছ রয়েছে। নওগাঁ জেলায় সরকারিভাবে প্রচুর বনায়ন রয়েছে যা নওগাঁ জেলার অর্থনীতিতে বিশেষ ভূমিকা পালন করে।	নওগাঁ জেলায় জলবায়ু পরিবর্তনের প্রভাবে বন্যা, খরা, নদীভাঙ্গন, অতিবৃষ্টি, শিলাবৃষ্টি, অনাবৃষ্টি ইত্যাদি আপদের ফলে দুর্যোগ সংগঠিত হলে কৃষিসম্পদ, মৎস্য সম্পদ, পশুসম্পদ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া ঝড়ের প্রভাবে প্রচুর ঘরবাড়ী, রাস্তাঘাটসহ প্রচুর অবকাঠামোগত ক্ষতি সাধিত হয়। যা মানুষের জীবন জীবিকার উপর ভীষণভাবে প্রভাব ফেলে এবং পরিবেশ রক্ষা কঠিন হয়ে পড়ে। এসব মোকাবেলার জন্য প্রচুর পরিমানে গাছপালার কোন বিকল্প নেই। তাই নওগাঁ জেলায় একটা স্লোগান হওয়া উচিত “প্রচুর পরিমান গাছ লাগান এবং পরিবেশ বাঁচান” যা দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট ভুমিকা পালন করে।
অবকাঠামো	নওগাঁ জেলায় প্রচুর অবকাঠামোগত সম্পদ রয়েছে যার মধ্যে উপজেলা, ইউনিয়ন এবং গ্রাম্যপথ মিলিয়ে সর্বমোট ৫৮৩১.৩২ কি.মি. রাস্তা, সেচের জন্য বর্তমানে ৩৭১৬টি গভীর নলকূপসহ মোট ৫৩৫৩১ টি নলকুপ রয়েছে। এছাড়া ২১৩ টি হাটবাজার রয়েছে যা উপজেলার মানুষের নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির জোগান দিয়ে তাদের চাহিদা পূরণ করে থাকে। এই অবকাঠামোগত সম্পদগুলো নওগাঁ জেলার উন্নয়নমূলক কাজ তথা অর্থনীতিতে অগ্রণী ভুমিকা পালন করে।	নওগাঁ জেলায় বন্যা, খরা, নদীভাঙ্গন, অতিবৃষ্টি হলে অবকাঠামোগত সম্পদগুলো দুর্যোগকালে বিভিন্নভাবে কাজে লাগে যেমন- বাঁধ যমুনা নদীর তীরে অবস্থিত হওয়ায় নদীভাঙ্গনের হাত থেকে উপজেলাকে রক্ষা করে। কালভার্টগুলো বন্যা, অতিবৃষ্টি হলে পানি সরবরাহ কাজে ব্যবহার হয়। এটা কৃষির অনেক উপকার করে। নলকূপগুলো খরা মৌসুমসহ অন্য সময়ে পানি সেচের কাজে ব্যবহার করে প্রচুর কৃষিসম্পদ অর্জিত হয়ে থাকে। রাস্তাঘাট বিভিন্ন জেলা/উপজেলার সাথে যোগাযোগ সম্পর্ক উন্নয়ন করে। দুর্যোগের সময় হাটবাজার মানুষের নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির জোগান দিয়ে তাদের চাহিদা পূরণ করে থাকে। দুর্যোগ মোকাবেলা করার জন্য অবকাঠামোগত সম্পদ অনেক গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। তাই দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য অবকাঠামোগত সম্পদকে যথেষ্ট শক্তিশালী করার কোন বিকল্প নাই।

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২.৭ সামাজিক ম্যাপ

নওগাঁ জেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য নওগাঁ জেলার বিভিন্ন গ্রামের বিভিন্ন শ্রেণী পেশার লোকজনের সাথে বসে নওগাঁ জেলার মানচিত্র দেখিয়ে সামাজিক মানচিত্র করার উদ্দেশ্য, গুরুত্ব বর্ণনা করে তাদের সহায়তায় নওগাঁ জেলার সামাজিক মানচিত্র প্রস্তুত করা হয়। সামাজিক মানচিত্রে জেলার গ্রামগুলির অবকাঠামোসমূহ, রাস্তা-ঘাট, ব্রিজ, কালভার্ট, বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানসমূহ, হাট-বাজার, নদী-খাল, ফসলের মাঠসহ গুরুত্বপূর্ণ বিষয়গুলি অন্তর্ভুক্ত করা হয়েছে। সামাজিক মানচিত্রে নওগাঁ জেলার সার্বিক অবস্থা পৃষ্ঠা নং ২৬ এ দেখানো হয়েছে।

২.৮ দূর্যোগ এবং ঝুঁকি ম্যাপ

নওগাঁ জেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য নওগাঁ জেলার বিভিন্ন গ্রামের বিভিন্ন শ্রেণী পেশার লোকজনের সাথে বসে নওগাঁ জেলার মানচিত্র দেখিয়ে দুর্যোগ ও ঝুঁকি মানচিত্র করার উদ্দেশ্য, গুরুত্ব বর্ণনা করে তাদের সহায়তায় এলাকার আপদসমূহ চিহ্নিত করে নওগাঁ জেলার সামাজিক মানচিত্র প্রস্তুত করা হয়েছে। নওগাঁ জেলার কোন ইউনিয়নে কি ধরনের আপদ সংঘটিত হয় তা ঝুঁকি মানচিত্রে অংশগ্রহনকারীদের দ্বারা প্রদর্শন করা হয়েছে। দুর্যোগ ও ঝুঁকি মানচিত্রে নওগাঁ জেলার সার্বিক অবস্থা পৃষ্ঠা নং ২৬ এ দেখানো হয়েছে। এছাড়া প্রত্যেকটা আপদের জন্য আলাদা ভাবে দুর্যোগ ও ঝুঁকি মানচিত্র সংযুক্তি ৯ থেকে দেখানো হয়েছে।


Naogaon Zila
Social Map
DHAMOIRHAT
PATNITALA
NIAMATPUR
NAOGAON
RANINAGAR
ATRAI
N
Kilometers
Legend
International Boundry
District Boundary
Upazila Boundry
Union Boundary
Municipal Boundary
District HQ
Upazila HQ
Union HQ
National Highways
Regional Highways
Zilla Road
Upazila Road(Pucca)
Upazilla Road(Katcha)
Union Road (Pucca)
Union Road (Katcha)
Railway Network
Embankment
College
High School
Growth Centre
Rural Market
Upazilla Health Complex
Police Station
Community Clinic
Forest
Water Bodies
Sandy Land or Char
Wide River



Naogaon Zila
Hazard & Risk Map
Legend
International Boundary
District Boundary
Upazila Boundary
Union Boundary
Municipal Boundary
District HQ
Upazila HQ
Union HQ
National Highways
Regional Highways
Zilla Road
Upazila Road(Pucca)
Upazilla Road(Katcha)
Union Road (Pucca)
Union Road (Katcha)
Railway Network
Embankment
Water Bodies
Sandy Land or Char
Forest
Wide River
Cold Wave
Crop Insect-pest Infestation
Dense Fog
Drought
Fall of Water Tabel
Flood
Hail Storm
River Erosion
Storm
Shortage of Rain
Tornado
N
Kilometers
SHAPAHAR
DHAMOIRHAT
PATNITALA
BADALGACHHI
MOHADEVPUR
NIAMATPUR
NAOGAON
NAOGAON SADAR
MANDA
RANINAGAR
ATRAI

২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি

নওগাঁ জেলার খরার প্রবনতা বেশি হলেও সারা বছর জুড়েই বিভিন্ন আপদ পরিলক্ষিত হয়ে থাকে। চৈত্র মাস থেকেই খরার প্রবনতা বাড়তে থাকে এবং বৈশাখ ,জৈষ্ঠ মাসে তীব্র রুপ ধারন করে। মাঠ ঘাট শুকিয়ে যায় ,অধিকাংশ টিউবয়েলে পানি থাকে না। এ সময় ভূগর্ভস্থ পানির স্তর নিচে থাকে তাই শুধু গভীর নলকূপ ছাড়া পানি উত্তলন সম্ভব হয় না। এছাড়া জেলার ভেতর দিয়ে ৩টি নদী প্রবাহিত হয়েছে। হঠাৎ বন্যা বা উজান থেকে ঢল নামলে নদী সংলগ্ন এলাকা ও জনসাধারন আষাঢ় থেকে কার্তিক মাস

পর্যন্ত যে কোন সময় বিপুল পরিমান ক্ষতির সম্মুখীন হয়। এছাড়া অগ্রহায়ন থেকে ফাল্গুন মাস পর্যন্ত ঘনকুয়াশা ও শৈত প্রবাহের প্রকপ থাকে তাতে করে রবি শষ্য উৎপাদনে ব্যাঘাত ঘটে। নিম্নে টেবিলের মাধ্যমে আপদের মৌসুমী দিনপঞ্জি তুলে ধরা হল:

টেবিল ২.৬: মাস ভিত্তিতে আপদের দিনপঞ্জি।



তথ্য সূত্রঃ মাঠ পরিদর্শন, ২০১৪

আপদের দিনপঞ্জি বিশ্লেষণ

আপদগুলো এই এলাকাতে বছরের বারো মাসের মধ্যে কোন কোন মাসে সংগঠিত হয় এবং কোন কোন মাসে এর প্রভাব বেশি বা কম থাকে তা রেখাচিত্রের মাধ্যমে মৌসুমী দিনপঞ্জিতে দেখানো হয়েছে। প্রি-সিআরএ কাজের অংশ হিসেবে অংশগ্রহণকারীদের সাথে আলোচনার মাধ্যমে জানা যায়:

খরাঃ এই এলাকার প্রধান আপদ হল খরা। মার্চ মাসের মাঝামাঝি সময় থেকে জুন মাসের মাঝামাঝি পর্যন্ত খরার উপস্থিতি দেখা যায়। মাত্রাতিরিক্ত খরা এখানকার কৃষির ব্যাপক ক্ষতি করে। মার্চ মাসের প্রথম দিকে এবং জুন মাসের শেষের দিকে খরার প্রভাব মধ্যম পর্যায়ে থাকলেও বছরের বাকি সময় এর মাত্রা কিছুটা কম থাকে। খরার কারণে এখানকার অনেক ফসল সেচের অভাবে নষ্ট হচ্ছে। আবার যেগুলো কোনো মতে হচ্ছে তাতেও পর্যাপ্ত পানির অভাবে ফলন কমে যাচ্ছে। আবার এই খরার কারণে সংরক্ষিত পুকুরের পানি শুঁকিয়ে যাওয়ায় দেখা দিচ্ছে পানীয় জলের চরম সংকট।

বন্যাঃ মূলত নদী ভরাটের কারণে ও পানি নিষ্কাশনের পথ না থাকায় বন্যা হয়। প্রচুর পরিমাণ পলি জমে নদীগুলো ক্রমাগত ভরাট হয়ে যাচ্ছে এবং নদীর মাঝে চর জেগে উঠায় অতিরিক্ত পানির চাপে নদীর পাড় উপচে বন্যার সৃষ্টি করে। রাজশাহী জেলায় জুলাইয়ের মাঝামাঝি থেকে সেপ্টেম্বরের শেষ পর্যন্ত বন্যার সম্ভাবনা দেখা দেয় হয়।

নদীভাঙ্গনঃ নওগাঁ জেলার ঘরবাড়ি, রাস্তাঘাট, সামাজিক ও শিক্ষাপ্রতিষ্ঠানসহ ফসল ও গবাদিপশু নদীভাঙ্গনে প্রতি বছর বিলীন হয়ে যাচ্ছে। এপ্রিল থেকে জুলাই পর্যন্ত এখানে নদীভাঙ্গন প্রকট না হলেও আগস্টের প্রথম থেকে সেপ্টেম্বরের মাঝামাঝি পর্যন্ত নদীভাঙ্গান প্রকট আকার ধারন করে।

পানির স্তরঃ ভূ-গর্ভস্থ পানির স্তর নেমে যাওয়াকে এলাকাবাসী আপদ হিসেবে চিহ্নিত করেছে। ভূগর্ভস্থ পানির স্তর নিচের দিকে নেমে যাওয়ায় এখানকার অনেক ফসল সেচের অভাবে নষ্ট হচ্ছে। আবার যেগুলো কোনো মতে হচ্ছে তাতেও পর্যাপ্ত পানির

অভাবে ফলন কমে যাচ্ছে। মে মাস থেকে জুনের মাঝামাঝি পর্যন্ত পানির স্তর নামতে থাকে এবং জুন থেকে জুলাই মাসের শেষ পর্যন্ত প্রকট আকার ধারন করে।

২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা

পূর্বে আলোচিত আপদ /দূর্যোগ সমূহ স্বাভাবিক জীবন জীবিকা নির্বাহে বাঁধার সৃষ্টি করে। কৃষি ,মৎস ,দিনমজুর ও ব্যবসায়ী সকলেই কম বেশি বিপদাপন্ন হয়। নিম্নে টেবিলের মাধ্যমে জীবন ও জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা দেওয়া হল:

টেবিল ২.৮ :জীবন ও জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা।

জীবিকাসমূহ	আপদ/ দুর্যোগসমূহ							
	খরা	বন্যা	পানির স্তর	নদীভাঙন	শৈতপ্রবাহ	ঘনকুয়াশা	অনাবৃষ্টি	ঝড়
কৃষি	✓	✓	✓	✓	✓	✓	✓	✓
মৎস্য	✓	✓	✓	✓	✓		✓	
দিনমজুর	✓	✓		✓	✓	✓		
ব্যবসায়ী	✓	✓			✓	✓		

তথ্য সূত্রঃ মাঠ পরিদর্শন, ২০১৪

২খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা ১২.

জেলার প্রতিটি আপদ সমূহ চিহ্নিতকরণ ও তার সংশ্লিষ্ট বিপদাপন্ন খাত ও উপাদান এবং এলাকা সমূহ নির্ধারণের পর আপদ সমূহের সংশ্লিষ্ট ঝুঁকি সমূহ চিহ্নিত, তালিকা প্রস্তুত ও বিবরণ লিপিবদ্ধ করা হয়েছে। অগ্রাধিকারকৃত ঝুঁকি সমূহ নিম্নরূপ।

টেবিল ২.৯: খাত ভিত্তিক আপদ ও ঝুঁকি।

আপদসমূহ	বিপদাপন্ন সামাজিক উপাদানসমূহ									
	ফসল	গাছপালা	পশুসম্পদ	মৎস্যসম্পদ	ঘরবাড়ি	রাস্তাঘাট	ব্রীজ/কালভার্ট	শিক্ষা প্রতিষ্ঠান	স্বাস্থ্য	আশ্রয়কেন্দ্র
বন্যা	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	✓
নদীভাঙ্গন	✓	✓		✓	✓	✓	✓	✓		✓
খরা	✓	✓	✓	✓					✓	
অনাবৃষ্টি	✓	✓	✓	✓					✓	
শৈত্যপ্রবাহ	✓		✓						✓	
ঘনকুয়াশা	✓		✓						✓	
পানির স্তর	✓		✓						✓	

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

২জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব ১৩.

কোন স্থানের বা অঞ্চলের (৩০ বছর বা তার বেশী সময়ের) দৈনন্দিন আবহাওয়া পর্যালোচনা করে বায়ু মণ্ডলের ভৌত উপাদানগুলোর (বায়ুর তাপ, বায়ুর চাপ, বায়ুপ্রবাহের দিক ও তার গতিবেগ, বায়ুর আর্দ্রতা মেঘের পরিমান ও প্রকারভেদ এবং বৃষ্টিপাত) যে সাধারন অবস্থা দেখা যায় তাকে ঐ স্থানের বা অঞ্চলের জলবায়ু বলে। পৃথিবীতে প্রতিদিন যে সূর্যকিরণ পৌঁছায়, ভূপৃষ্ট তা শোষণ করে। শোষিত সূর্যকিরণ আবার মহাশূন্যে বিকিরিত বা প্রতিফলিত হয়। তাই প্রাকৃতিক নিয়মের এই শোষণ-বিকিরণ প্রক্রিয়ায় কোন ধরনের বাঁধা বা প্রতিবন্ধকতা সৃষ্টি হওয়াকেই জলবায়ু পরিবর্তন বলে।
জলবায়ু পরিবর্তনের প্রভাবে কোন কোন খাতসমূহ কিভাবে ক্ষতিগ্রস্থ হয় নিম্নে তা বিস্তারিতভাবে বর্ননা করা হল:

টেবিল ২.১০: খাত ভিত্তিক জলবায়ু পরিবর্তন ও তার সম্ভাব্য প্রভাব।

প্রধান খাতসমূহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুঁকিহ্রাসের সাথে সমন্বয়
কৃষি	এ জেলায় মোট জমির পরিমাণ ৩,৫০,৬৫১ হেঃ যার মধ্যে ২,৭৩,৮৩২ হেঃ আবাদী জমি। মোট চাহিদা পূরণ করে প্রচুর ফসল উদ্বৃত থাকে যা নওগাঁ জেলার অর্থনীতির জন্য বিরাট সাফল্য বয়ে আনে। ফলে নতুন চাষীরা উদ্যোগী হয়ে কৃষিতে এগিয়ে আসবে। তাই নওগাঁ জেলায় কৃষিসম্পদ, উন্নয়ন পরিকল্পনার অন্যতম প্রধান খাত হিসাবে বিবেচিত।	নওগাঁ জেলায় ৭৫% মানুষ কৃষিকাজের উপর নির্ভরশীল যার মধ্যে দিনমজুর ৩০%, ক্ষুদে কৃষক শ্রেণী ২৫%, মাঝারি কৃষক শ্রেণী ১৫%, বড় কৃষক শ্রেণী ৫%। আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি অনাবৃষ্টি, শৈতপ্রবাহ, ঘনকুয়াশা ও খরা হয়, তাহলে কৃষিজ ফসল নষ্ট হয়ে কৃষকরা আর্থিক ক্ষতির সম্মুখীন হবে, তাই দুর্যোগ ঝুঁকি হ্রাসের সাথে সমন্বয়ের জন্য নওগাঁ জেলার কৃষিতে আরো আধুনিকায়ন প্রয়োজন। যার ফলে নওগাঁ জেলার কৃষি সম্প্রসারিত হবে যা কিছুটা দুর্যোগ সহায়ক।
মৎস্য	নওগাঁ জেলাতে পুকুর, খাল, বিল, নদী ও জলাভূমি মিলে প্রচুর সংখ্যক জলাশয় মাছ উৎপাদনে সক্ষম। নওগাঁ জেলায় মোট ৪৩,৮৬০টি আবাদী পুকুর রয়েছে যার মধ্যে ৪৩,৮৬০টি মৎস্য চাষের আওতাধীন পুকুর (৭,৭০৫টি খাস পুকুর) যা থেকে উপজেলার মানুষ জীবন-জীবিকাসহ অর্থনৈতিক সাফল্য অর্জন করে। তাই নওগাঁ জেলায় মৎস্যসম্পদ, উন্নয়ন পরিকল্পনার অন্যতম প্রধান খাত হিসাবে গণ্য করা যায়।	আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি অতিবৃষ্টি, খরা হয় তাহলে কৃষি ফসল নষ্ট হয়ে কৃষকরা আর্থিক ক্ষতির সম্মুখীন হবে, সেক্ষেত্রে তারা যদি পাশাপাশি মাছ চাষ করে তাহলে কৃষকরা অনেকটাই ক্ষতির হাত থেকে রক্ষা পাবে। তাছাড়া ধান ও মাছের সমন্বিত চাষ করলে, ধান নষ্ট হলেও মাছের উৎপাদন দুর্যোগ মুহূর্তে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় রাখতে সহায়তা করবে। দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য মাছ চাষের কোন বিকল্প নেই। তাই বলা যায় মৎস্যখাত দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।
পশুসম্পদ	২০-২৫ বছর পূর্বে নওগাঁ জেলায় প্রায় প্রতিটি পরিবারে কম বেশি গরু-ছাগল ছিল। বর্তমানে প্রয়োজনীয় চারণভূমি ও গো-খাদ্যের অভাবে পশুসম্পদ অনেক কমে গেছে। বর্তমানে উল্লেখযোগ্য সংখ্যক খামার রয়েছে যা মানুষকে স্বাবলম্বী করে তোলে এবং অর্থনীতিতে ভূমিকা রাখে।	আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের ফলে যদি অতিবৃষ্টি, বন্যা হয় তাহলে মৎস্য চাষী ও কৃষকরা অনেকটাই ক্ষতির সম্মুখীন হবে, সেক্ষেত্রে তারা যদি পাশাপাশি পশু পালন করে তাহলে তাৎক্ষণিক আর্থিক ক্ষতির থেকে রক্ষা পাবে। এবং দুর্যোগের মুহূর্তে তাদের আর্থিক স্বচ্ছলতা বজায় থাকবে। সেজন্য দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য পশুসম্পদের কোন বিকল্প নেই। তাই বলা যায় পশুসম্পদ দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট সমন্বয় সাধন করে।
স্বাস্থ্য	নওগাঁ জেলায় ১ টি আধুনিক সদর হাসপাতাল, ১০টি থানা স্বাস্থ্য কমপ্লেক্স, ৪০ টি ইউনিয়ন সাব সেন্টার, ৬১ টি পরিবার কল্যাণ কেন্দ্র (এফডব্লিউসি) এবং ২টি এম.সি. ডব্লিউ. সি রয়েছে।	দুর্যোগের ফলে নওগাঁ জেলায় রোগব্যাধি বৃদ্ধি পায়, এজন্য স্বাস্থ্যসেবার আরো আধুনিকায়ন প্রয়োজন যা দুর্যোগ ঝুঁকিহ্রাসের সাথে যথেষ্ট সমন্বয় সাধন করতে সক্ষম হয়।
জীবিকা	নওগাঁ জেলায় মানুষের জীবিকা ভিন্নরুপ হওয়ায় তাদের অর্থনীতি খুবই সমৃদ্ধশালী। আনুপাতিক হারে এই উপজেলাতে মানুষের অভাব খুবই কম। কারন তারা বেশীরভাগই নির্ভরযোগ্য পেশায় জড়িত। যার ফলে নওগাঁ জেলার মানুষের জীবন জীবিকা অনেক উন্নত।	জলবায়ু পরিবর্তনের প্রভাবে নওগাঁ জেলায় বন্যা, খরা, নদীভাঙ্গন, ঘনকুয়াশা, অতিবৃষ্টি, শিলাবৃষ্টি, অনাবৃষ্টি ইত্যাদি আপদের ফলে দুর্যোগ সংগঠিত হলে কৃষিসম্পদ, মৎস্যসম্পদ, পশুসম্পদ ক্ষতিগ্রস্তসহ মানুষের জীবন জীবিকার উপর ভীষণভাবে প্রভাব পড়ে। কিন্তু মানুষ যদি বিকল্প জীবিকার ব্যবস্থা গ্রহন করে, তাহলে দুর্যোগকালে তাৎক্ষণিক দুর্যোগ মোকাবেলা সম্ভব। তাই দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য বিকল্প জীবিকা ব্যবস্থার কোন বিকল্প নেই। বিকল্প জীবিকা ব্যবস্থা দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট

প্রধান খাতসমুহ	বিস্তারিত বর্ননা	দুর্যোগ ঝুঁকিহ্রাসের সাথে সমন্বয়
		সমন্বয় সাধন করে।
গাছপালা	নওগাঁ জেলায় আম চাষের জন্য যথেষ্ট সুনাম আছে। এই উপজেলাতে প্রচুর আমবাগান আছে যার ফলে সবুজে ভরা এ অঞ্চলে গাছপালার কোন কমতি নেই। আমগাছ ছাড়াও এখানে প্রচুর আকাশমনি, শিশু, জামরুল, ইউক্যালিপ্টাস, অর্জুন, আকাশিয়া, বাবলা ও বরই গাছ রয়েছে। নওগাঁ জেলায় সরকারিভাবে প্রচুর বনায়ন রয়েছে যা নওগাঁ জেলার অর্থনীতিতে বিশেষ ভূমিকা পালন করে।	নওগাঁ জেলায় জলবায়ু পরিবর্তনের প্রভাবে বন্যা, খরা, নদীভাঙ্গন, অতিবৃষ্টি, শিলাবৃষ্টি, অনাবৃষ্টি ইত্যাদি আপদের ফলে দুর্যোগ সংগঠিত হলে কৃষিসম্পদ, মৎস্য সম্পদ, পশুসম্পদ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া ঝড়ের প্রভাবে প্রচুর ঘরবাড়ী, রাস্তাঘাটসহ প্রচুর অবকাঠামোগত ক্ষতি সাধিত হয়। যা মানুষের জীবন জীবিকার উপর ভীষণভাবে প্রভাব ফেলে এবং পরিবেশ রক্ষা কঠিন হয়ে পড়ে। এসব মোকাবেলার জন্য প্রচুর পরিমানে গাছপালার কোন বিকল্প নেই। তাই নওগাঁ জেলায় একটা স্লোগান হওয়া উচিত “প্রচুর পরিমান গাছ লাগান এবং পরিবেশ বাঁচান” যা দুর্যোগ ঝুঁকিহ্রাসে যথেষ্ট ভুমিকা পালন করে।
অবকাঠামো	নওগাঁ জেলায় প্রচুর অবকাঠামোগত সম্পদ রয়েছে যার মধ্যে উপজেলা, ইউনিয়ন এবং গ্রাম্যপথ মিলিয়ে সর্বমোট ৫৮৩১.৩২ কি.মি. রাস্তা, সেচের জন্য বর্তমানে ৩৭১৬টি গভীর নলকূপসহ মোট ৫৩৫৩১টি নলকুপ রয়েছে। এছাড়া ২১৩টি হাটবাজার রয়েছে যা উপজেলার মানুষের নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির জোগান দিয়ে তাদের চাহিদা পূরণ করে থাকে। এই অবকাঠামোগত সম্পদগুলো নওগাঁ জেলার উন্নয়নমূলক কাজ তথা অর্থনীতিতে অগ্রণী ভূমিকা পালন করে।	নওগাঁ জেলায় বন্যা, খরা, নদীভাঙ্গন, অতিবৃষ্টি হলে অবকাঠামোগত সম্পদগুলো দুর্যোগকালে বিভিন্নভাবে কাজে লাগে যেমন- বাঁধ যমুনা নদীর তীরে অবস্থিত হওয়ায় নদীভাঙ্গানের হাত থেকে উপজেলাকে রক্ষা করে। কালভার্টগুলো বন্যা, অতিবৃষ্টি হলে পানি সরবরাহ কাজে ব্যবহার হয়। এটা কৃষির অনেক উপকার করে। রাস্তাঘাট বিভিন্ন জেলা/উপজেলার সাথে যোগাযোগ সম্পর্ক উন্নয়ন করে। দুর্যোগের সময় হাটবাজার মানুষের নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির জোগান দিয়ে তাদের চাহিদা পূরণ করে থাকে। দুর্যোগ মোকাবেলা করার জন্য অবকাঠামোগত সম্পদ অনেক গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। তাই দুর্যোগ ঝুঁকিহ্রাসের জন্য অবকাঠামোগত সম্পদকে যথেষ্ট শক্তিশালী করার কোন বিকল্প নাই।

তথ্যসূত্র: মাঠ পরিদর্শন, ২০১৪

তৃতীয় অধ্যায়
দুর্যোগ ঝুঁকি হ্রাস

৩.১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ

কোন আপদ বা আপদসমূহ, নওগাঁ জেলার বিপদাপন্ন জনগোষ্ঠী ও তার আয়, সম্পদ এবং পরিবেশ- এ তিন উপাদানের নেতিবাচক সংমিশ্রনের ফলে ক্ষতিকর প্রভাবের সম্ভবনা অর্থাৎ কোন আপদ ঘটার সম্ভবনা ও মাত্রা এবং তার ফলে নির্দিষ্ট জনগোষ্ঠীর ক্ষতির সম্ভবনা এই দুইয়ের পারস্পরিকতাই ঝুঁকি। নওগাঁ জেলার ঝুঁকি ও ঝুঁকির কারণসমূহ চিহ্নিত করে নিম্নে টেবিলের মাধ্যমে দেওয়া হল:

টেবিল ৩.১: নওগাঁ জেলায় চিহ্নিত ঝুঁকির কারণসমূহ।

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
খরার কারণে বোরো ধান, আউশ ধান, গম, আখ, আম, লিচু, ভুট্টা, তিল, পেঁয়াজ, রসূন, মরিচ, ছোলা, শাক-সবজী এবং বিভিন্ন প্রজাতির গাছপালা নষ্ট হয়ে মানুষের খাদ্য ও আর্থিক সংকট দেখা দিতে পারে। নওগাঁ জেলায় খরার তীব্রতা অনেক বেশী এবং এর প্রভাবে এ অঞ্চলে আরো ব্যাপক ক্ষতির সম্ভাবনা রয়েছে।	- সেচ ব্যবস্থা না থাকা - অতিরিক্ত তাপ, খরা ও বৃষ্টিহীনতা	-কৃত্রিম সেচের খরচ বহনে গরিব কৃষক - অপর্যাপ্ত শ্যালো মেশিন ও গভীর নলকুপের স্বল্পতা -অপর্যাপ্ত বনায়ন - খালগুলোতে পানি না থাকা	- খাল সংস্কার না করার কারণে - আত্রাই নদী ভরাট হওয়ার কারণে - পানির স্তর নীচে নামা যাওয়াতে
বন্যার কারণে অসংখ্য কাঁচা ঘরবাড়ি পানিতে নিমজ্জিত হয়ে অনেক পরিবার অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্তসহ আশ্রয়হীন হতে পারে। পদ্মা নদীর বাঁধ প্লাবিত হয়ে মানুষ গৃহহীন হয়ে আবাসন সমস্যা দেখা দিতে পারে। ১৯৯৮ সালের মত বন্যা হলে নওগাঁ জেলার মাটির ঘর সহ আধাপাকা ঘর বেশী ক্ষতি হতে পারে।	- উজান থেকে আসা অতিরিক্ত পানির চাপের কারণে	-নীচু এলাকায় ঘরবাড়ি তৈরি করা -অপরিকল্পিত ভাবে ঘরবাড়ি তৈরি করা	- সরকার কতৃক অবকাঠামো নির্মাণের সুষ্ঠু নীতিমালা না থাকা
